কৃষ্ণকর্ণামৃতম্ ।

পূজ্যপাদ-শ্রীল কবিবর-বিল্বমঙ্গল-
বিরচিতং ।

শ্রীল কৃষ্ণদাসকবিরাজকৃত "রসিকরঙ্গদা"-
নাম টীকয়া তথা শ্রীযদুনন্দনঠক্কুরবিরচিত-
পদাবল্যা চ সহিতং ।

শ্রীরামনারায়ণবিদ্যারত্নেনানুবাদিতং
প্রকাশিতঞ্চ ।

মুর্শিদাবাদ ।

বহরমপুর,—রাধারমণ যন্ত্রে
তেনৈব মুদ্রিতং ।

৪০৫ চৈতন্যাব্দে ।
সন ১২৯৭, আষাঢ়ে ।

বিজ্ঞাপন।

কৃষ্ণকর্ণামৃত অতিপ্রাচীনগ্রন্থ, ইহা এতদ্দেশে ছিল না, শ্রীমন্মহাপ্রভু সন্ন্যাস গ্রহণ করিয়া যখন দক্ষিণদেশে তীর্থ-পর্য্যটনে গমন করেন সেই সময়ে এই গ্রন্থখানি আনয়ন করিয়া ছিলেন, ইহার রচনার পরিপাটী অতীব উৎকৃষ্ট। শ্রীমন্মহাপ্রভু স্বরূপ ও রামানন্দের সহিত এই গ্রন্থখানির নিরন্তর নির্জনে আস্বাদন করিতেন, এই গ্রন্থের যে রূপ নাম বর্ণনাও তদ্রূপ, ইহা শ্রবণে কর্ণ পরিতৃপ্ত হয়, ভক্তগণ ইহার আস্বাদনে আনন্দানুভব করিয়া থাকেন, বহুকালা-বধি এই গ্রন্থ-প্রকাশে আমার অভিলাষ ছিল, সমুদায় কার্য্য অর্থসাধ্য একারণ শীঘ্র সম্পন্ন করিতে পারি নাই। সম্প্রতি শ্রীহট্ট কানাইবাজার মৈনাগ্রামনিবাসী শ্রীযুক্ত বাবু রাজীব-লোচন দাস মহাশয় অর্থ সাহায্য বিষয়ে অগ্রসর হইয়া আমাকে প্রকাশিত ও মুদ্রিতকরণে অনুরোধ করেন। বোধ করি শ্রীশ্রীমন্মহাপ্রভু তাঁহার প্রতি দয়া কয়িয়া থাকিবেন, নতুবা অর্থব্যয়-সাধ্য কার্য্যে প্রবৃত্ত হইবেন কেন ?। ভারত-বর্ষে বহু বহু ধনাঢ্য ব্যক্তি আছেন কাহাকেও ভাগবতধর্ম্মের প্রচার বিষয়ে উন্মুখ দেখিতেছি না। অতএব বৈষ্ণবগণ সকলেই এই গ্রন্থ পাঠ করিয়া শ্রীযুক্ত রাজীবলোচন দাস মহাশয়কে আশীর্ব্বাদ করুন, তাঁহার যেন শ্রীশ্রীগৌরাঙ্গ-দেবের প্রতি স্থিরতর ভক্তির উদয় হয় এবং তিনি যেন পঞ্চমপুরুষার্থ কৃষ্ণপ্রেম লাভ করেন ইতি ॥

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।

বহরমপুর, রাধারমণ যন্ত্র।

উৎসর্গঃ।

—০:*:০—

বিষমসমরবিজয়ি—

শ্রীশ্রীশ্রীশ্রীশ্রীমন্মহারাজ-বীরচন্দ্র বর্ম্ম-

মাণিক্য-বাহাদুর-সমীপে—

মহারাজ! সম্প্রতি কবিবর শ্রীবিল্বমঙ্গল বিরচিত কৃষ্ণ-কর্ণামৃত গ্রন্থ, মূল শ্লোক, টীকা, অনুবাদ ও যদুনন্দন ঠাকুরের পয়ার সহ মুদ্রাঙ্কনে প্রবৃত্ত হইয়া আপনার করকমলে সমর্পণ করিলাম। আপনি স্বয়ং, বৈষ্ণববর শ্রীযুক্ত বাবু রাধারমণ ঘোষ বি, এ, সেক্রেটরি মহাশয় দ্বারা ইহার আস্বাদন করিলে আমার পরিশ্রম সফল হইবে। নিবেদন ইতি ॥

আশীর্ব্বাদক—

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।

গ্রন্থকারের পূর্ব্ব বৃত্তান্ত ॥

দাক্ষিণাত্যে কৃষ্ণবেণ্ণা নদীর পশ্চিমতীর নিবাসী পণ্ডিতপ্রবর কবীন্দ্র শ্রীবিল্বমঙ্গল নামে কোন এক ব্রাহ্মণ ছিলেন। তিনি পূর্ব্ব অর্থাৎ জন্মান্তরীয় দুর্ব্বাসনায় প্রেরিত হইয়া ঐ কৃষ্ণবেণ্ণার পূর্ব্বতীর নিবাসিনী, যিনি সঙ্গীত-বিদ্যায় অধিকৃত কিন্নরীগণকেও নিন্দা করেন তাদৃশী কোন এক চিন্তামণি-নাম্নী বেশ্যায় অতিশয় আসক্ত হয়েন। তিনি কোন সময় বর্ষাকালের অন্ধকারময়ী রজনীতে মেঘের মন্দ মন্দ গর্জনে কন্দর্প পীড়ায় অন্ধের ন্যায় হইয়া পথের বিঘ্ন সকল গণনা না করত গৃহ হইতে নির্গমন পূর্ব্বক সেই নদীতে শবাবলম্বনে অর্থাৎ মৃতদেহকে আশ্রয় করিয়া উত্তীর্ণ হইলেন, পরে চিন্তামণি বেশ্যার গৃহসমীপে গিয়া দেখিলেন দ্বারে কপাট বদ্ধ রহিয়াছে, বিল্ব-মঙ্গল শত২ ফুৎকার (উচ্চ ধ্বনি) করিলেও যখন কেহ শুনিল না,তখন তিনি ইতস্তত: ভ্রমণ করিতে করিতে দেখিতে পাইলেন ভিত্তি-(প্রাচীর)-গর্ত্তে অর্দ্ধ-প্রবিষ্ট একটা কৃষ্ণসর্প রহিয়াছে,তিনি রজ্জু ভ্রমে ঐ সর্পের পুচ্ছ অবলম্বনপূর্ব্বক ভিত্তি উল্লঙ্ঘন করিয়া গৃহে প্রবেশ করিবেন,অমনি একটা প্রণালিকা (নর্দ্দমা) মধ্যে পতিত হওত মূর্চ্ছিত হইলেন। অনন্তর চিন্তামণি বেশ্যা সখীগণের সহিত বিদ্যুদালোকে তাঁহাকে দেখিতে পাইয়া,"হা কষ্ট"! এই বলিয়া তাঁহাকে আনয়ন করত বিবিধোপচারে সুস্থ অর্থাৎ চেতন করাইলেন। পশ্চাৎ তাঁহার কথিত আগমনের বৃত্তান্ত শ্রবণ করিয়া চিন্তামণি কম্পিত কলেবরে নির্ব্বেদ অর্থাৎ বৈরাগ্যযুক্ত বাক্য প্রয়োগ করত বলিতে লাগিল, "হা কষ্ট! তুমি সকলশাস্ত্রবিশারদ হইয়াও মূঢ় হইলে?, তোমা ব্যতিরেকে কোন্ অন্য ব্যক্তি পরিণামে দুঃখদায়ক রসলেশের নিমিত্ত আপনাকে বিনষ্ট করে?, হায়! আমাকে ধিক্ থাকুক, আমি মহাপাপীয়সী, কপট ভাবদ্বারা পুরুষ সকলকে প্রতারণা করিয়া তাহাদের মনোরূপ ধন সকল হরণ করিয়াছি। অহো! এতাদৃশী ভক্তি যদি শ্রীকৃষ্ণে উৎপন্ন হইত তাহা হইলে কি না হইত?, আমি কল্য সমস্ত পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণের ভজনা করিব" এই বলিয়া চিন্তামণি সেই রাত্রে সখীগণের সহিত বিল্বমঙ্গলকে শুশ্রূষা করিতে করিতে শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণের রাসলীলাময় গীত সকল গান করিতে লাগিল। তখন সেই বিল্বমঙ্গলও তাহার বাক্যে নির্ব্বেদযুক্ত হইয়া আত্মধিক্কার

করিতে করিতে কহিলেন, "আমিও কল্য সমুদায় পরিত্যাগ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণেরই ভজন করিব" এই চিন্তায় উন্নিদ্র হইলেন এবং চিন্তামণির গীত শ্রবণ মাত্রে তাঁহার স্বীয় পূর্ব্বসিদ্ধ প্রেমাঙ্কুর স্মৃতিপথে উদিত হওয়ায়, তখন তিনি শ্রীরাধাকান্তকে আপনার কোটি কোটি প্রাণ অপেক্ষা প্রিয়তম বলিয়া মান্য করত প্রাতঃকালে চিন্তামণিকে প্রণাম করিয়া যে পথে আসিয়া ছিলেন সেই পথে ঐ কৃষ্ণবেণ্বানদীতীরস্থ "সোমগিরি"নামক বৈষ্ণব শ্রেষ্ঠের নিকট গিয়া আপনার বৃত্তান্ত নিবেদন করিলে তিনি তাঁহাকে শ্রীমদ্গোপাল মন্ত্র-রাজ প্রদান করিলেন। বিল্বমঙ্গল মন্ত্রগ্রহণমাত্রে প্রোদ্বুদ্ধ অনুরাগ, কম্প, অশ্রু ও পুলকাদিতে ব্যাকুল হইয়া শ্রীবৃন্দাবন গমনবিষয়ে উৎকণ্ঠাসত্ত্বেও গুরু-সেবার নিমিত্ত কতিপয় দিবস সেই স্থানেই অবস্থিতি করিলেন এবং সে স্থানে থাকিয়া শ্রীকৃষ্ণের লীলাদি বর্ণনময় গ্রন্থ সকল রচনা করিতে লাগিলেন। বহুবিধগ্রন্থে পাণ্ডিত্য দেখিয়া গিরি মহাশয় বিল্বমঙ্গলকে"লীলাশুক"এই আখ্যা প্রদান করেন। তদনন্তর বিল্বমঙ্গল অতিশয় উৎকণ্ঠায় শ্রীগুরুদেবকে নিবে-দন করিয়া শ্রীবৃন্দাবনে যাত্রা করিলেন। গমন করিতে করিতে পথে পথে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তিসমুচ্ছলিত প্রেমপ্রবাহ-জনিত উৎকণ্ঠাতরঙ্গে পতিত হইলেন, তাহাতে আপনাকে শূন্য জ্ঞান করিয়া তত্তল্লীলাবিশিষ্ট শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি প্রার্থনা করত মথুরামণ্ডল হইতে আগত লীলা বিশেষের স্ফূর্ত্তি হওয়াতে তদ্দ্বারা উচ্ছলিত অনুরাগসিন্ধু-জনিত উদ্গত লালসারূপ গর্ত্তে পতিত হইলেন এবং শ্রীকৃষ্ণের দর্শন প্রার্থনা করত তথা হইতে মথুরায় আসিয়া উপস্থিত হইলেন। তৎপরে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তিতে তাঁহাকে সাক্ষাৎকার মানিয়া মথুরা হইতে বৃন্দাবনে আগমন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে সাক্ষাৎ দর্শন করিয়া বাক্যমনের অগোচররূপে তাঁহাকে বর্ণন করিতে করিতে যাহা যাহা প্রলাপ করিয়াছিলেন সেই সমুদায় তাঁহার সঙ্গতিক্রমে তখনি তাঁহার সঙ্গের বৈষ্ণবগণ লিখিয়া রাখিয়াছিলেন। তদনন্তর কিছু দিন বৃন্দাবনে বাস করিলেন, পরে শ্রীকৃষ্ণ লীলাশুককে আপনার লীলার মধ্যে প্রবেশ করান। গ্রন্থকর্ত্তার এই বিবরণ গুরুপরম্পরা প্রাপ্ত এবং ইহা সর্ব্বলোক প্রসিদ্ধ। এই কৃষ্ণকর্ণামৃত খানীকে "কোষকাব্য" বলা যায়, কারণ ইহার শ্লোক গুলি প্রত্যেকই বিভিন্ন ভাবের, পূর্ব্বাপর অসম্বদ্ধ। "কোষঃ শ্লোকসমূহৈস্তু স্যাদন্যোন্যানপেক্ষকঃ। ব্রজ্যাক্রমেণ রচিতঃ স এবাতিমনোরমঃ" ॥ ইতি সাহিত্যদর্পণে ॥

"ভূমিকা" ॥

——০ঃ*ঃ০——

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ ॥

যদ্ভাবভাবিতধিয়ঃ প্রণয়োত্থবাচাং, মুদ্রাপি দুর্গমতমা মুনিপুঙ্গবানাং। রাসোৎসুকং মদনমোহনমচ্যুতং তং, রাধাসমেধিতরসোল্লসিতং নতোহস্মি ॥১॥ কৃপাসুধাসরিদ্যস্য বিশ্বমাপ্লাবয়ন্ত্যপি। নীচগৈব সদা ভাতি তং শ্রীচৈতন্য-মাশ্রয়ে ॥ ২ ॥ রমন্তী কৃষ্ণমাধুর্য্যকেলিসৌন্দর্য্যসম্পদং। কৈশ্চিন্ন ভাবজ্ঞা সম্যগ্-জ্ঞেয়া লীলাশুকস্য গীঃ ॥৩॥ মন্দোহপি কশ্চিচ্ছ্রীরূপপাদাম্ভোজমধুন্মদঃ। কৃষ্ণ-কর্ণামৃতব্যাখ্যাং বিবৃণোতি যথামতি ॥ ৪ ॥ স্পষ্টে বাহ্যদশোক্ত্যর্থে নির্ব্বন্ধং পরি-মুঞ্চতা। নিগূঢ়োঽন্তর্দ্দশোক্ত্যর্থো ব্যাখ্যেয়ঃ সাগ্রহং ময়া ॥ ৫ ॥ মদাস্যনক্রসঞ্চার-খিন্নাং গাং গোকুলোন্মুখীং। সন্তঃ পুষ্ণন্ত্বিমাং স্নিগ্ধাঃ কর্ণকাসারসন্নিধৌ ॥৬॥ সদ্ভক্তভাগ্যগন্ধর্ব্বগান্ধর্ব্বরসলম্পটৈঃ। সারঙ্গৈঃ শোধ্যতামেষা টীকা সারঙ্গ-রঙ্গদা ॥ ৭ ॥

অথ দাক্ষিণাত্যঃ কৃষ্ণবেণ্বাপশ্চিমতীরনিবাসী পণ্ডিতঃ কবীন্দ্রঃ শ্রীবিল্ব-মঙ্গলনামা কশ্চিদ্ব্রাহ্মণঃ কিলাসীৎ। স চ পূর্ব্বদুর্ব্বাসনাপ্রেরিতস্তৎপূর্ব্ব-তীরবাসিন্যাং সঙ্গীতবিদ্যাধিকৃতকিন্নরীনিকরায়াং কস্যাঞ্চিচ্চিন্তামণিনাম্ন্যাং বেশ্যায়ামতীবাসক্তো বভূব। স চ কদাচিৎ প্রাবৃট্তমিস্রায়াং জীমূত-মন্দগর্জ্জিতজাতহৃচ্ছয়োঽন্ধ ইবাগণিতগমনপ্রত্যূহচয়ঃ স্বগৃহান্নির্গত্য তাং নদীং হস্তাভ্যাং শবালম্বনেনোত্তীর্য্য কীলিতকবাটং তদাবাসদ্বারমাসসাদ। তত্রাপি তত্রত্যৈরশ্রুতফুৎকারশত ইতস্ততো ভ্রমন্ ভিত্তিগর্ত্তেঽর্দ্ধপ্রবিষ্ট-কৃষ্ণভুজঙ্গপুচ্ছমালম্ব্য ভিত্তিমুল্লঙ্ঘ্য প্রণালিকামধ্যে নিপতন্ মূর্চ্ছিতো বভূব ততঃ সা সখীভিঃ সহ বিদ্যুদ্রোচিষা তং দৃষ্ট্বা হা কষ্টমিতি বদন্তী তমানীয়োপচারৈঃ সুস্থং চক্রে। ততস্তেন কথিতং স্বাগমনবৃত্তান্তং শ্রুত্বা জাতবেপথুঃ সা সনির্ব্বেদং তমাহ। "অহো সকলশাস্ত্রবিশারদমপি ভবন্তং মূঢ়ং বিনা কোঽন্যঃ পরিণতিবিরসরসলেশার্থমাত্মানং ঘাতয়েৎ। হা ধিক্ ধিগস্তু মাং, যাহং পাপীয়সী কপটভাবৈঃ পুরুষান্ প্রতার্য্য তেষাং মনো-

ধনানি চাহরং। অহো এতাদৃশ্যাসক্তি র্যদি ভগবতি শ্রীকৃষ্ণে জায়তে তদা কিং ন স্যাৎ। শ্বঃ সর্ব্বং পরিত্যজ্য শ্রীকৃষ্ণভজনমেব ময়া কার্য্যং” ইতি নিশ্চিত্য তাং রাত্রীং তং শুশ্রূষমাণা সখীভিঃ সহ শ্রীকৃষ্ণস্য শ্রীরাধয়া সহ রাসকুঞ্জাদি-লীলাময়গীতান্যগাসীৎ। স চাপি তদ্বাক্যমাকর্ণ্য জাতনির্ব্বেদ স্বং ভর্ৎসয়ন্ ময়াপি শ্বঃ সর্ব্বং ত্যক্ত্বা ভগবদ্ভজনমেব কার্য্যমিতি চিন্তয়ন্নুন্নিদ্র এব তদ্গীতশ্রবণমাত্রেণ প্রোদ্বুদ্ধপূর্ব্বসিদ্ধপ্রেমাঙ্কুরস্তং শ্রীরাধাকান্তমেব প্রাণ-কোটিদয়িতং মন্যমানঃ প্রাতস্তাং নমস্কৃত্য তেনৈব পথা তং নদীতীরস্থং সোমগিরিনামানং বৈষ্ণবোত্তমমাসাদ্য নিবেদিতস্ববৃত্তান্তস্তস্মাৎ শ্রীমদ্গো-পালমন্ত্ররাজমগ্রহীৎ। গৃহীতমন্ত্র এব প্রোদ্বুদ্ধানুরাগঃ কম্পাশ্রুপুলকাদি-ব্যাকুলঃ শ্রীবৃন্দাবনগমনোৎকণ্ঠিতোঽপি গুরুসেবার্থং কতিচিদ্দিনানি তত্রৈ-বাবাৎসীৎ। তত্রাপি শ্রীকৃষ্ণলীলাদিবর্ণনময়গ্রন্থাংশ্চকার। তদ্দৃষ্ট্বা সোমগিরি-গুরুণা লীলাশুক ইতি প্রখ্যাপিতোঽভূৎ। অত্র স্বীয়ৈরূপদ্রুতস্তত এব সন্ন্যাসং চক্রে ততঃ পরোৎকণ্ঠয়া শ্রীগুরুং বিজ্ঞাপ্য শ্রীবৃন্দাবনায় প্রতস্থে গচ্ছংশ্চ পথি পথি প্রথমং তৎস্ফূর্ত্তিসমুচ্ছলিতপ্রেমপ্রবাহজোৎকণ্ঠাকল্লোলপতিতঃ শূন্যমিবাত্মানং মত্বা তত্তল্লীলাবিশিষ্টস্য তস্য স্ফূর্ত্তিং প্রার্থয়ন্ ততো মথুরা-মণ্ডলগতো লীলাবিশেষস্ফূর্ত্ত্যুচ্ছলিতানুরাগসিন্ধুগত-লালসাবর্ত্ত-গ্রসিতস্তদ্দ-র্শনং প্রার্থয়ন্ ততো মথুরাগতস্তৎস্ফূর্ত্তৌ সাক্ষাৎকারং মন্বানস্ততো বৃন্দা-বনাগতস্তং সাক্ষাদ্দৃষ্ট্বা বাঙ্মনসাগোচরত্বেন তং বর্ণয়ংশ্চ যদ্যৎ প্রললাপ তত্তৎ সর্ব্বং তৎসঙ্গিভি র্বৈষ্ণবৈস্তদা তদৈব লিখিত্বা স্থাপিতমাসীৎ। ততো বৃন্দাবনে কতিচিদ্দিনান্যবাৎসীৎ পশ্চাৎ শ্রীকৃষ্ণেন স্বলীলাং প্রবেশিতঃ। ইতি হি গুরুপরম্পরাগতা সার্ব্বলৌকিকী প্রসিদ্ধিরিতি॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

কৃপাসুধাসরিদ্যস্য বিশ্বমাপ্লাবয়ন্ত্যপি।
নীচগৈব সদা ভাতি, তং শ্রীচৈতন্যমাশ্রয়ে॥

বন্দ গুরুপাদপদ্ম-নখাগ্র-অঞ্চলে। যাতে হৈতে বিঘ্ন-নাশ সর্ব্বাভীষ্ট মিলে॥ কৃষ্ণকর্ণামৃত গ্রন্থ অতি মনোহর। যাহা আস্বাদিলা প্রভু শচীর কুমার॥ রায় রামানন্দ সনে

শ্রীবিদ্যানগরে। আস্বাদিলা কর্ণামৃত অর্থ সুদুষ্করে॥ শ্রীলীলা-শুকের বাণী সমুদ্র-গম্ভীর। সমস্ত জানিতে নারে ভাবজ্ঞা * সুধীর॥ আদ্য অন্তে কৃষ্ণকেলি মাধুর্য্যে রসময়। কৃষ্ণের সৌন্দর্য্য রস অতি রসময়॥ শ্রীকৃষ্ণদাস কবিরাজ সেই ভাবে মগ্ন হৈয়া। টীকা লিখিয়াছেন অতি সুন্দর করিয়া॥ অতি-ক্ষুদ্র আমি তার অর্থ কিবা জানি। তাহাই লিখিয়ে সাধুমুখে যাহা শুনি॥ ঠাকুর বৈষ্ণব পায়ে প্রণতি আমার। কলিযুগে উদ্ধারিলা বহু দুরাচার॥ তোমার চরণে যেন নহে অপরাধ। নিজগুণে এই মোরে করিবা প্রসাদ॥ ভাবমগ্ন লীলাশুক দুই রূপে স্থিতি। অন্তর্দ্দশা বাহ্যদশা হয় শ্লোক প্রতি॥ বাহ্যদশার অর্থ আমি না লিখিব হেথা। যথামতি লেখ মুঞি অন্তর্দ্দশার কথা॥ এই লীলা শুকের বাণী শুন সাব-ধানে। যাতে ভাব জানা যায় কৃষ্ণের ভজনে॥

দাক্ষিণাত্য দেশে আছে কৃষ্ণবেণ্বা নদী। যাহার পশ্চিম পারে তাহার বসতি॥ শ্রীবিল্বমঙ্গল নাম ব্রাহ্মণ পণ্ডিত। কবীন্দ্র অবধি সর্ব্ব লোকেতে বিদিত॥ পূর্ব্ব দুর্ব্বাসনা তারে কৈল আকর্ষণ। কন্দর্পচেষ্টাতে মগ্ন হৈল তার মন॥ সেই নদীর পূর্ব্বদিকে বেশ্যার বসতি। চিন্তামণি তার নাম সুন্দরী যুবতী॥ বড়ই আসক্তি তার সেই বেশ্যা সনে। সদা সেই চেষ্টা বিনে আন নাহি জানে॥ এক দিন বর্ষাকালে রাত্রি ঘোর তর। মেঘ গর্জন বৃষ্টিধারা পড়ে নিরন্তর॥ তাতে কাম-চেষ্টা অতি হইল অন্তরে। সে চেষ্টাতে অন্ধ হৈলা কিছু নাহি স্ফুরে॥ নদীপারে যাইতে বিঘ্ন শঙ্কা নাহি গণে। নিজ

* ভাবজ্ঞা বাণী, অর্থাৎ শ্রীলীলাশুকের অনির্ব্বচনীয় ভাবজনিত বাক্য॥

ঘর হৈতে যান সেই বেশ্যাস্থানে ॥ নৌকা নাহি নদী পার হইতে না পারে। মৃতকে ধরিয়া গেলা সেই নদী পারে ॥ বেশ্যা দ্বারে গেলা কপাট খিল লাগে তায়। প্রবেশিতে নারে তাতে মহাচেষ্টা পায় ॥ প্রাচীরের চতুর্দ্দিকে ডাকিয়া বেড়ায়। মেঘের গর্জ্জনে তারা শুনিতে না পায় ॥ সেই কালে দেখে ভিত্তিগর্ত্তের ভিতরে। কালসর্প অর্দ্ধ অঙ্গ প্রবেশে কুহরে ॥ অর্দ্ধ অঙ্গ আছে বাহে তার পুচ্ছ ধরি। প্রাচীর লঙ্ঘিয়া পড়ে প্রণালী উপরি ॥ পড়িতে হইল মূর্চ্ছা নাহিক চেতন। শব্দ শুনি বেশ্যা দেখে লঞা সখীগণ ॥ বিজুরী ছটায় তারে দেখিয়া তখন। শীঘ্র তারে আনে বেশ্যা লঞা সখীগণ ॥ হাহাকার করি বেশ্যা বহু চেষ্টা পাইল। শুশ্রূষা করিয়া তারে সুস্থির করিল ॥ তবে আগমন কথা বিবরি কহিলা। যেন যেন রূপে নদী পারাদি হইলা ॥ বৃত্তান্ত শুনিয়া বেশ্যা লাগিলা কাঁপিতে। অতিশয় দুঃখী হৈয়া লাগিল কহিতে ॥ "শাস্ত্র জানি মূর্খ কেহ নাহি তোমা বিনে। বিরস রসের লাগি বধহ আপনে ॥ হাহা ধিক্ ধিক্ রহু জীবন আমার। মহাপাপীয়সী আমি জানিনু নির্দ্ধার ॥ নানান্ কপটভাবে পুরুষ বঞ্চিয়া। মন ধন হরি লাউ তাকে প্রতারিয়া ॥ এমন আসক্তি যদি জন্মে কৃষ্ণ লাগি। তবে কিবা লাভ নহে কৃষ্ণ অনুরাগী ॥ কালি আমি প্রাতঃকালে সকল ছাড়িয়া। ভজিব কৃষ্ণের পায়ে একান্ত করিয়া ॥" এইরূপে সেই রাত্রি সখীগণ লৈয়া। তাহার শুশ্রূষা করে নির্ব্বেদ কহিয়া ॥ শ্রীকৃষ্ণ শ্রীরাধা সনে রাসকুঞ্জলীলা। গান করে সখী সনে হৈয়া এক মেলা ॥ তার

বাক্য শুনি লীলাশুক মহাশয়। মনে মনে দুঃখ ভাবি আপনা ভৎ'সয়॥ মনে কহে কালি প্রাতে এসব ছাড়িয়া। ভজিব কৃষ্ণের পায়ে একান্ত হইয়া॥ নিদ্রা নাহি হয় সদা চিন্তিত অন্তর। রাধাকৃষ্ণ লীলা গীত শুনয়ে বিস্তর॥ সে লীলা শ্রবণমাত্র মায়াবন্ধ গেল। পূর্ব্ব সিদ্ধ প্রেমাঙ্কুর তবহি জন্মিল॥ সেই রাধাকান্ত মোর কোটি প্রাণ প্রাণ। তারে ছাড়ি কিবা মুই করু অনুষ্ঠান॥ এত বিচারিতে মনে পোহাইল রাতি। প্রাতে উঠি বেশ্যা পায়ে কৈল নুতি স্তুতি॥ সেই পথে চলি গেলা সেই নদী তীরে। বৈষ্ণব আছেন যথা সোমগিরিবরে॥ আপন বৃত্তান্ত তারে কহিলা সকল। উপাসনা কৈলা শ্রীগোপাল মন্ত্রিবর॥ সে মন্ত্র লইতে-মাত্র কি কহিব আর। অতি অনুরাগ হৈল উদয় তাহার॥ স্তম্ভ কম্প পুলকাশ্রু আদি ভাবগণ। ব্যাকুল হইলা অঙ্গ না যায় ধারণ॥ যদ্যপি হ বৃন্দাবন যাইতে উৎ-কণ্ঠিত। গুরুসেবা লাগি কত দিন কৈলা স্থিত॥ কৃষ্ণ-লীলা বর্ণনাদি গ্রন্থ বহু কৈলা। তাহা দেখি গুরু "লীলা-শুক"নাম থুইলা॥ কুটুম্বের উপদ্রব বারণ লাগিয়া। সন্ন্যাস করিলা সূত্র ত্যাগিত হইয়া॥ তবে অতি উৎকণ্ঠিত বাঢ়ি গেল মনে। বিনয় করিয়া আজ্ঞা নিল গুরুস্থানে॥ বৃন্দা-বন যাইতে যাত্রা প্রভাতে করিলা। পথে পথে যাইতে আগে কৃষ্ণস্ফূর্ত্তি হৈলা॥ তাতে হৈতে উছলিল অতি প্রেমপূর। উৎকণ্ঠা কল্লোলে তেঞি পড়িলা প্রচুর॥ তাতে পড়ি শূন্য প্রায় আপনাকে মানে। বিশেষ লীলার স্ফূর্ত্তি করেন প্রার্থনে॥ এরূপে আইলা তেহোঁ মথুরা-

মণ্ডলে। বিশেষ কৃষ্ণের লীলা স্ফূর্ত্তি সেই স্থলে॥ অনুরাগ সিন্ধু তাতে হইতে উছলিলা। লালসা-আবর্ত্তে সর্ব্ব চিত্ত গ্রাস কৈলা॥ কৃষ্ণের দর্শন লাগি করয়ে প্রার্থনা। মথুরা-ভিতরে গেলা লৈয়া কত জনা॥ সাক্ষাৎ কৃষ্ণের স্ফূর্ত্তি মানিলেন তথা। তবে বৃন্দাবনে গেলা চিত্ত উৎকণ্ঠিতা॥ সাক্ষাতে দেখিল তথা ব্রজেন্দ্রনন্দন। মনো বাক্য অগোচরে করিয়া বর্ণন॥ প্রলাপ করিয়া যথা সে সব বর্ণিল। স্বসঙ্গী বৈষ্ণব তাহা লিখিয়া রাখিল॥ তবে কত দিন তেহোঁ রহে বৃন্দাবনে। পাছে কৃষ্ণ নিত্যলীলায় কৈল প্রবেশনে॥ গুরু পরম্পরায় এই লীলাশুক বাণী। প্রসিদ্ধ লোকের স্থানে এই কথা শুনি॥

এই ত কহিল লীলাশুকের চরিত। যাহার শ্রবণে কৃষ্ণ মিলয়ে ত্বরিত। লীলাশুক পায়ে মোর প্রণতি বিস্তর। সাক্ষাতে কৃষ্ণের সনে যার প্রত্যুত্তর॥

———

কৃষ্ণকর্ণামৃতম্।

শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

চিন্তামণি র্জয়তি সোমগিরি গুর্রুর্মে
শিক্ষাগুরুশ্চ ভগবান্ শিখিপিঞ্ছমৌলিঃ।
যৎপাদকল্পতরুপল্লবশেখরেষু
লীলাস্বয়ম্বররসং লভতে জয়শ্রীঃ ॥ ১ ॥

অথ প্রেমোন্মত্তঃ স্বালয়াৎ লালসয়া শ্রীবৃন্দাবনায় প্রস্থানং কুর্ব্বন্নেব শ্রীলীলাশুকঃ স্বগুরোঃ স্বগুরুত্বেনৈব স্বেষ্টদৈবতস্য চ সংকীর্ত্তনরূপং মঙ্গলমাচরতি। ইদং মঙ্গলাচরণমন্যেষাং গ্রন্থকারাণামিব ঈপ্সিতপূর্ত্তিবিঘ্ননিরসনপ্রয়োজনং ন ভবতি প্রেমোন্মাদপ্রলাপেঽস্মিন্ গ্রন্থকরণপ্রস্তাবাভাবাৎ। তত্রাপি দাক্ষিণা-

গ্রন্থকার লীলাশুক প্রেমোন্মত্ত হওত নিজালয় হইতে লালসান্বিতচিত্তে বৃন্দাবন দর্শনে বহির্গত হইয়াই পথ-মধ্যে কৃষ্ণগুণকীর্ত্তনরূপ গ্রন্থারম্ভ করিয়া নিজাভীষ্টদেব শ্রীকৃষ্ণের এবং শ্রীগুরু চিন্তামণির নামকীর্ত্তনরূপ মঙ্গলাচরণ করিতেছেন ॥

চিন্তামণি অর্থাৎ আশ্রয়মাত্রেই যিনি অভীষ্টপূরক সেই

যদুনন্দনঠাকুরের পদ্য।

এই সব শ্লোকের অর্থ টীকাতে লিখিলা। সারঙ্গ রঙ্গদা নাম টীকা যে হইলা॥ তার অনুসারে লিখোঁ প্রাকৃত কথনে। শ্রীকৃষ্ণদাস কবিরাজের বন্দিয়া চরণে ॥

ত্যানাং সামান্যানামেব সংস্কৃতোক্তিরিত্যস্য তু কবীন্দ্রত্বাৎ পদ্যোক্তিঃ। কিন্তু শুদ্ধবৈষ্ণবানাং স্বভাবোঽয়ং যচ্ছয়ন-ভোজন-গমনাদিষু গুর্ব্বিষ্টদেবতাস্মরণং। তদ্যথা চিন্তামণিরিতি। সোমগিরি স্তন্নামা মে মম গুরুর্জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। কীদৃক্। চিন্তামণিঃ। আশ্রয়মাত্রেণাভীষ্টপূরকত্বাৎ চিন্তামণিত্বং সর্ব্বোৎকর্ষতাচাস্য। কিম্বা। জয়তি তং প্রতি প্রণতোঽস্মীত্যর্থঃ। তথাহি কাব্য-প্রকাশে। জয়ত্যর্থেন নমস্কার আক্ষিপ্যতে। অতস্তং প্রতি প্রণতোঽস্মীত্যর্থ ইতি। তথা মে মমেষ্টদেবো ভগবাংশ্চ জয়তি কোঽয়ং ভগবান্ ইত্যত আহ

সোমগিরিনামা আমার গুরুদেব জয়যুক্ত হউন, কিম্বা তাঁহার প্রতি আমি প্রণত হই এবং আমার অভীষ্টদেব যাঁহার মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া বিদ্যমান তথা যিনি বৃন্দা-বনবিহারী সেই ভগবান্ শ্রীকৃষ্ণও জয়যুক্ত হউন। কারণ, যাঁহার সর্ব্বাভীষ্টপ্রদ কল্পতরুরূপি চরণদ্বয়ের অঙ্গুলি সক-লের নখাগ্রে জয়শ্রী লীলাবশতঃ স্বয়ম্বর সুখ লাভ করেন অর্থাৎ বহু বহু জয়সম্পত্তি যাঁহার চরণদ্বয়ের নখাগ্রে পতিত হইয়া রহিয়াছেন, তাঁহার জয় আর আমি কি বর্ণন করিব॥

পক্ষান্তরে। চিন্তামণিনাম্নী সেই বেশ্যা জয়যুক্ত হউন, যে হেতু-তাঁহার বাক্যমাত্রেই আমার সাংসারিককার্য্যে বিরাগ উৎ-পন্ন হইয়াছে, সুতরাং তিনিও আমার গুরু, অতএব তাঁহার সর্ব্বপ্রকারে উৎকর্ষ হউক॥ ১॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

কৃপাসুধা নদী যার বিশ্ব ভাসাইলা। সদা নীচ স্থানে পূর্ণ হইয়া রহিলা॥ সে প্রভু চৈতন্য পায়ে করোঁ পরণাম। তাঁর পায়ে রহু মন হৈয়া একতান॥ এবে কহি শুন লীলা শুকের চরিত। যাতে কৃষ্ণ ভাবোদ্গাম অতি বিপরীত॥

প্রেম উন্মত্ত লীলা শুক মহাশয়। বৃন্দাবন যাত্রা কৈল হৈতে নিজালয়॥

মৌলিঃ। শিখিপিঞ্ছৈস্তান্যেব বা মৌলিঃ শিরোভূষণং যস্য সঃ। ইতি শ্রীবৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণ এব জয়তি ইতি বর্ত্তমানপ্রয়োগেণ নিত্যলীলা সূচিতা। আচার্য্যচৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তীতি। দদামি বুদ্ধিযোগং তমিত্যাদি। আচার্য্যং মাং বিজানীয়াদিত্যাদি দিশা। তথা। কর্ণাকর্ণি সখীজনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া, পত্যুর্বঞ্চনচাতুরী গুণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি। বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতি ব্রতান্, কৈশোরেণ তবাদ্য কৃষ্ণ গুরুণা গৌরীগণঃ পাঠ্যতে। ইত্যাদি দিশাচ। তস্য তত্তন্মাধুর্য্যাদ্যনুভবাদৌ সএব মে গুরুরিত্যাহ স-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

প্রথমেত শ্রীগুরুচরণ স্মৃতি কৈলা। নিজ ইষ্টদেব নিজ গুরুকে মানিলা॥ দোঁহা সঙ্কীর্ত্তন রূপ মঙ্গলাচরণ। করিয়া করিলা যাত্রা শ্রীবৃন্দাবন॥ এই মঙ্গলাচরণ অন্য গ্রন্থ টীকা হেন। বিঘ্ননাশ লাগি নহে শুনহ কারণ॥ প্রেমে উন্মত্তচিত্ত সদা মহাশয়। গ্রন্থ করণের কথা তাতে নাহি হয়॥ তবে যদি বল কেনে শ্লোকবন্ধ বাণী। দাক্ষিণাত্য সবে কহে সংস্কৃত বাণী॥ তাতে লীলাশুক মহাকবীন্দ্র পণ্ডিত। ইহাঁর মুখে শ্লোক বাণী এ কোন বিস্মিত॥ কিন্তু শুদ্ধ বৈষ্ণবের ভাব এক হয়। শয়ন গমন আদ্যে গুরু কৃষ্ণ স্মরয়॥ তেঞি কহে সোমগিরি নাম গুরু মোর। জয়যুক্ত হউ সর্ব্ব সুমঙ্গল ওর॥ চিন্তামণি হেন যাঁর বৈভব বিস্তার। আশ্রয় মাত্রেই দেন সর্ব্বাভীষ্ট সার॥ প্রণাম করও সেই গুরুর চরণে। বিশ্বপ্রকাশে জয়-শব্দে প্রণাম বাখানে॥

তৈছে মোর ইষ্টদেব জয় ভগবান্। ময়ূরের পিচ্ছ শিরে যাঁর অবিরাম॥ বৃন্দাবনবিহারি কৃষ্ণ পূর্ণ রসময়। জয়শব্দে নিত্যলীলা বৃন্দাবনে কয়॥ তেহোঁ মোর শিক্ষাগুরু বন্দো তাঁর পায়। যাঁহার শিক্ষায় প্রেমভাব উপজয়॥

কৃষ্ণের মাধুর্য্যগুণ অনুভাব হৈতে। শিক্ষাগুরু করি

কীদৃক্ মে শিক্ষাগুরুঃ। বক্ষ্যতে চৈতৎ প্রেমদঞ্চেত্যাদৌ শিখিপিঞ্ছমৌলিরিতি তচ্ছ্রীবিগ্রহস্ফূর্ত্ত্যা সাক্ষান্মন্মথমন্মথ ইত্যাদিনা। মন্মর্ত্যলীলৌপয়িকমিত্যাদিনা। গোপ্যস্তপঃ কিমচরমিত্যাদিনা চ বর্ণিতং তত্তন্মাধুর্য্যমনুভূয় তদঙ্গোপমানযোগ্যপদার্থান্ মনসি বিচিন্ত্য তেষামতীবাযোগ্যতামালোচ্য তৎপদনখশোভয়ৈব তে নির্জ্জিতা ইতি স্ফূর্ত্ত্যা তথা শ্রীরাধায়াস্তন্মাধুর্য্যাকৃষ্টচিত্ততাস্ফূর্ত্ত্যা চ শব্দশ্লেষেণ সমাদধদাহ যৎপাদেতি। যস্য শ্রীকৃষ্ণস্য পাদাবেব কোমলত্বারুণ্যসর্ব্বাভীষ্টপূরকত্বাদিনা কল্পতরুপল্লবৌ তয়োঃ শেখরেষু তদঙ্গুলীনখাগ্রেষু লীলয়া যঃ স্বয়ম্বরস্তদ্রসং তজ্জন্যসুখং জয়শ্রী র্লভতে। তদেব বক্ষ্যতি। কমলবিপিনবীথীগর্ব্বসর্ব্বঙ্কষাভ্যাং। বদনেন্দুবিনির্জ্জিতঃ শশীত্যাদৌ বহুত্র। শ্লেষেণ দ্যূতনর্ম্মজলকেলিসুরতাদিষু চ জয়েনোৎকর্ষেণ শ্রীঃ শোভা যস্যাঃ।

যদুনন্দনঠাকুরের পদ্য।

বোলে কৃষ্ণ এই রীতে॥ শিখিপিঞ্ছ মৌলি নামে বিগ্রহ স্ফুরিল। মদন মদনরাজ বেকত হইল॥ ভূষণভূষণ অঙ্গ ললিত ত্রিভঙ্গ। কৈশোর বয়স্ বেশ রসময় অঙ্গ॥ যাঁর ঊর্দ্ধ অন্য নাহি অখিলের মাঝে। ব্যাস শুক ভাগবতে যাঁরে বর্ণিয়াছে॥

এরূপ মাধুর্য্য কৃষ্ণের স্ফূর্ত্তি হৈল যবে। অঙ্গের উপমা যোগ্য বিচারয়ে তবে॥ যতেক পদার্থ আছে সব বিচারিল। কেহ অঙ্গতুল্য নহে অতিতুচ্ছ হৈল॥ কৃষ্ণপদ-নখশোভা সবারে জিনিল। এত বিচারিতে মনে আর উপজিল॥ শ্রীরাধিকা-চিত্ত হরে পদনখ-শোভা। শব্দশ্লেষে সমাধান করে হৈয়া লোভা॥ যেই কৃষ্ণপাদ-কল্পতরু শোভা ধরে। কোমলত্ব আরুণ্য সর্ব্বাভীষ্ট পূর্ণ করে॥ তাহার পল্লব হয় অঙ্গুলীর গণ। তাহার শেখর নখরাগ্র মনোরম॥ যত শোভা যত লীলা যত রসগণ। পদ নখ স্বয়ম্বর হেন সুখগণ॥

আলিঙ্গন পাশাখেলা নর্ম্ম জলকেলি। সুরতাদিলীলা

কিম্বা। সৌন্দর্য্যাদিপাতিব্রত্যাদিসৌভাগ্যবৈদগ্ধ্যাদিভিগৌর্য্যাদ্যরুন্ধত্যাদিব্রজকিশোরিকাকুলাদয়োঽপি নির্জ্জিতা যয়া সা। জয়যোগাং জয়া সা চাসৌ শ্রিয়োঽপ্যংশিনীত্বাংশ্রীশ্চ জয়শ্রীরাধৈব। নারায়ণস্ত্বমিত্যাদৌ নারায়ণোঽঙ্গমিত্যাদিং দিশাচ। বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো, গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ইতি দিশাচ কৃষ্ণস্য মূলনারায়ণত্বেন তৎপ্রেয়স্যাস্তস্যা অপি মূললক্ষ্মীত্বাং। কীদৃশী। সাপি স্বস্য লজ্জাশীলত্বাং সদৈবাধোমুখী স্থিত্বা প্রথমং তচ্ছ্রীচরণনখদর্শনাং তচ্ছোভাব্ধিমগ্ননেত্রা মোহিতা সতী লীলয়া গাঢ়ানুরাগেণ যে ভাবোদ্গারবিশেষা স্বৈধর্ম্মমর্য্যাদালজ্জাদিত্যাগপূর্ব্বকো যঃ স্বয়ম্বরস্তদ্রসং লভতে। তন্মাধুর্য্যাণাং স্বানুরাগস্য চ প্রতিক্ষণং নবনবত্বেনানুভবাং বর্ত্তমানপ্রয়োগঃ। কেষাঞ্চিন্মতে সোমগিরিরপি বিশেষণং। যৎপাদেত্যাদি। অত্র

যদুনন্দনঠাকুরের পদ্য।

যাঁর জয় শোভা মেলি॥ কিম্বা সৌন্দর্য্যাদি পাতিব্রত্য আদি গুণে। সৌভাগ্য বৈদগ্ধী আদি অতি মনোরমে॥ গৌরী অরুন্ধতী আদি হৈতে শ্রেষ্ঠা অতি। ব্রজকিশোরিকা হৈতে যেহোঁ কলাবতী॥ সর্ব্ব-জয়-যোগ্যা যেঁহো লক্ষ্মীর অংশিনী। সর্ব্বত্র উৎকর্ষা হয় রাধা ঠাকুরাণী॥ কৃষ্ণ যেন মূল নারায়ণ অবতরী। রাধা তেন মূল লক্ষ্মী অংশিনীত্বে বলি॥

যদ্যপিহ রাধা সর্ব্বশ্রেষ্ঠা সর্ব্বাধিকা। অতিলজ্জাশীলা সর্ব্বগুণেতে অধিকা॥ সেই লজ্জা হৈতে সদা অধোমুখে রহে। প্রথমেই কৃষ্ণপদ নখ নিরীখয়ে॥ কৃষ্ণপদ নখ দেখি শোভাসিন্ধু মাঝে। মগ্ন হৈয়া নেত্র হর্ষে মোহ হৈলা পাছে॥ লীলা গাঢ় অনুরাগে যে ভাববিশেষ। উদ্গার হইল তার কি কহিব শেষ॥ তাতে ধর্ম্ম সুমর্য্যাদা লজ্জাদি ছাড়িয়া। কৃষ্ণপদে স্বয়ম্বর রস লভে যাঞা॥ কৃষ্ণের মাধুর্য্য নিজ অনুরাগময়। প্রতিক্ষণে নব নব অনুভব হয়॥ নব নব বর্ত্তমান প্রয়োগেই রহে। ক্ষণে ক্ষণে বাঢ়ে দুহুঁ কেহ ঊন নহে॥

কামাদ্যরিষড়্‌বর্গচক্ষুরাদীন্দ্রিয়পঞ্চক্লেশোত্থবিষমাদ্যন্তরায়াণাং জয়সম্পত্তি র্যৎ-পাদনখরাবলম্বিনীত্যর্থঃ। কিম্বা। বর্ত্মোদ্দেশগুরুর্মন্ত্রগুরুঃ শিক্ষাগুরুরিতি

যদুনন্দনঠাকুরের পদ্য।

এবে শুন গুরুপাদাশ্রয় বিশেষণ। যে গুরুর পাদপদ্ম কৈলে আশ্রয়ণ॥ কাম ক্রোধ লোভ মোহ মদ অভিমান। চক্ষু আদি পঞ্চক্লেশ অতি বলবান্॥ * বাষট্টি প্রকার মতি-অন্তরায়গণ। † গুরুপদ-নখালম্বে জিনে সর্ব্বগণ॥ কিম্বা

* কাম ক্রোধাদি সমস্তই মনের ধর্ম্ম। চক্ষুরাদি দশ ইন্দ্রিয়ের ও মনের বৃত্তি-ভেদে অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ এই পাঁচ প্রকার ক্লেশ। ইহারই অবান্তর ভেদ লইয়া বাষট্টি প্রকার মনের অন্তরায় (বিঘ্ন) সাংখ্যতত্ত্ব কৌমুদীতে ৪৮ কারিকার ব্যাখ্যায় শ্রীশ্রীবাচস্পতিমিশ্র নিরূপণ করিয়াছেন যথা——তমঃ। ৮। মোহ। ৮। মহামোহ। ১০। তামিস্র। ১৮। এই সমষ্টিতে ৬২ হয়। ক্রম যথা-। তম—অব্যক্ত (প্রকৃতি), মহত্তত্ত্ব ও অহঙ্কার-বিষয়ক। ৩। এবং পঞ্চতন্মাত্র অর্থাৎ রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ তন্মাত্র বিষয়ক। ৫। এই উভয়ে। ৮। অষ্ট প্রকার মোহ যথা—অণিমাদি অর্থাৎ অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব ও কামাবসায়িত্ব এই আট্‌ বিষয় ভেদে মোহ আট। মহামোহ দশ প্রকার যথা—দেবগণের ভোগ্য শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচ এবং মনুষ্য ভোগ্য ঐ শব্দাদি পাঁচ এই উভয়ে দশ। দেব ও মনুষ্য উভয়কেই অণিমাদি আট ঐশ্বর্য্য তথা দিব্যাদিব্য ভেদে দশ প্রকার শব্দাদি নিজ গুণে অনুরক্ত করে, সুতরাং আট ঐশ্বর্য্য ও দশ শব্দাদিতে তামিস্র আঠার প্রকার। আঠারপ্রকার অন্ধ তামিস্র যথা—অন্ধ-তামিস্র শব্দে অভিনিবেশ অর্থাৎ ত্রাস (আমাদের ভোগ্য শব্দাদি দিব্য ও অদিব্য ভেদে দশ, ভোগ বিষয়ে ক্ষমতার কারণ বলিয়া অণিমাদি আট ঐশ্বর্য্য অর্থাৎ এই অষ্টাদশ বিষয়কে অসুরাদিগণ নষ্ট না করুক) এইরূপে দেবগণেরও ত্রাসের কারণ বলিয়া অন্ধতামিস্র আঠার প্রকার হয়। সমষ্টিসংখ্যা যথা—তম। ৮। মোহ। ৮। মহামোহ। ১০। তামিস্র। ১৮। অন্ধতামিস্র। ১৮। সাকল্যে ৬২ হইল॥

† অন্তরায় যথা—মতি অর্থাৎ মনকে আত্মতত্ত্ব-বিষয়ে যাইতে না দিয়া

গুরুত্রয়েষ্টদেবস্মরণমিতি কেচিদাহুঃ। অত্র চিন্তামণিঃ সা বেশ্যা জয়তি। তদ্বাক্যমাত্রেণ স্বস্য জাতানুরাগত্বাত্তস্যাঃ সর্ব্বোৎকর্ষতা ॥ ১ ॥

অথ পথি পথ্যাগচ্ছতোঽস্য বাহ্যদশায়াং সাধকরীত্যোৎকণ্ঠয়া ভক্তি-সিদ্ধান্তোদ্গারিণী তৎকালমেবান্তরাবেশাৎ সিদ্ধবল্লালসয়া কেবলরসোদ্গারিণ্যুক্তিঃ। অতস্তদ্দশাদ্বয়বাসিত্বাদেকৈব সার্থদ্বয়মুদ্গিরতি। তত্রান্তর্দশো-খার্থো বিবৃত্য বাহ্যদশোত্থার্থস্তু সংক্ষিপ্য ময়া দর্শিতব্যঃ। যদ্যুন্মাদপ্রলাপেঽত্র

যদুনন্দনঠাকুরের পদ্য।

বর্ত্মোদ্দেশ শ্রীল গুরু এক হয়। মন্ত্রগুরু শিক্ষাগুরু এই গুরুত্রয় ॥ হেথা লীলাশুকের গুরু বেশ্যা চিন্তামণি। বর্ত্মোদ্দেশী গুরু তেঁহো এই মতে জানি ॥ তাঁর বাক্যমাত্রে হৈল কৃষ্ণে অনুরাগ। তাঁহার উৎকর্ষ তেঞি কহে মহাভাগ ॥ এই ত প্রথম শ্লোকের কহিলাম অর্থ। শ্রীকৃষ্ণদাস কবিরাজ টীকা প্রমাণার্থ ॥ ১ ॥

দ্বিতীয় শ্লোকের অর্থ করিতে প্রকাশ। প্রথমে কহিয়ে শ্লোকের অর্থের আভাস ॥ পথে পথে চলি যায় বাহ্যদশায় স্থিতি। সাধকের হেন অতি উৎকণ্ঠিত মতি ॥ ভক্তিসিদ্ধান্তের কথা কহিতে কহিতে। অতিশয় অন্তর আবেশ হৈল তাতে ॥ সিদ্ধ প্রায় লালসাতে ভরি গেল মন। রসোদ্গার উক্তি হেন কেবলা-লক্ষণ ॥ অতএব ফলদ্বয়ে বাসিত হইয়া। এক শব্দে দুই অর্থ কহে বিবরিয়া ॥ অন্তর্দশার তার অর্থ বিবরিয়া। লিখি বুঝাইব মুই আপনার হিয়া ॥ বাহ্য-

---

পূর্ব্বোক্ত পার্থিব ও স্বর্গীয় বিষয়সমূহে মুগ্ধ করিয়া ফেলে, সুতরাং বাধটি প্রকার মনের বিষয়কে অন্তরায় (বিঘ্ন) বলা যায়। মনুষ্য ও দেবগণ ক্রমশঃ বিষয় ভোগ করত পুনঃ পুনঃ সংসারে ভ্রমণ করেন, সুতরাং এই সমষ্টির মূলীভূত অবিদ্যাদি পাঁচটী ক্লেশ অতীব বলবান্ শত্রু। ইহা কেবল আত্মপথ প্রদর্শক সদ্গুরুর কৃপাতেই নিবৃত্ত হয় ॥ ইতি ॥

তস্য তত্তদনুসন্ধানাদিকং নাস্তি তথাপি শুদ্ধপ্রেমৈব ভক্তিসিদ্ধান্তং রসঞ্চাবিরুদ্ধমেব স্ফোরয়তি। শুদ্ধপ্রেম্নঃ স্বভাবোঽয়ং যৎ সিদ্ধান্তবিরুদ্ধং রসাভাসঞ্চ মোহোন্মাদাদাবপি ন স্পৃশতি। তত্র প্রথমং গচ্ছন্তং তমনুগচ্ছতাং বৈষ্ণবানাং, "স্বামিন্ কিমর্থং ত্বয়া গম্যতে কিন্তত্রাস্তি" ইতি প্রশ্নান্ প্রতি প্রাভববৈভবাংশাবতারশক্ত্যাবেশাবতারাদিস্ববিলাসবাল্যপৌগণ্ডাদিস্বপ্রকাশরূপস্বস্বরূপাণাং তথা চিচ্ছক্তেস্তদ্বিলাসানন্ত বৈকুণ্ঠানাং মায়াশক্তেস্তদ্বৈভবানন্তব্রহ্মাণ্ডানাং জীবশক্তেশ্চ পরমাশ্রয়ভূতানাং তং শ্রীভাগবতাদাবাশ্রয়ত্বেনোক্তং

যদুনন্দনঠাকুরের পদ্য।

দশার অর্থগণ সংক্ষেপ করিয়া। দিগ্ দেখাইব মাত্র বাহুল্য ছাড়িয়া॥ যদ্যপি উন্মাদময় প্রলাপ বচন। সিদ্ধান্ত-সন্ধান কিছু নাহি তাঁর মন॥ তথাপিহ শুদ্ধ প্রেম প্রায় যত যত। অবিরোধ রসভক্তি সিদ্ধান্ত কহে কত॥ বিশুদ্ধ প্রেমের এই স্বভাব আচার। সিদ্ধান্ত বিরোধ উন্মাদ মোহে নাহি তার॥ রসাভাস আদি কিছু নাহি তাঁর মুখে। শুদ্ধ প্রেম শুদ্ধ রস এই সরে মুখে॥ এই শ্লোকের বাহ্য অর্থ কহি কিছু হেথা। লীলাশুক সঙ্গে যান যে বৈষ্ণব তথা॥ তারা কহে মহাশয় যাবে কোন স্থানে। কি নিমিত্ত কিবা বস্তু আছে সেই স্থানে॥ সেই সব সঙ্গী প্রতি কহে মহাশয়। অন্তর-আবেশে কৃষ্ণ মহিমা কহয়॥ প্রাভব বৈভব অংশ অবতার গণ। শক্ত্যাবেশ অবতার লীলাবতার গণ॥ স্ববিলাস বাল্য আর পৌগণ্ডাদি যত। স্বপ্রকাশ রূপ নিজ স্বরূপাদি কত॥ চিৎশক্তি মহিমাগণ কহে বিবরিয়া। অনন্ত বৈকুণ্ঠ যাঁর বিলাস গণিয়া॥ তবে বিবরিয়া মায়া শক্তির লক্ষণ। তাঁহার বৈভবানন্ত ব্রহ্মাণ্ডের গণ॥ জীবশক্তি আদি করি যত যত্ত্ব গণ। পরম আশ্রয় যেঁহো পুরুষ উত্তম॥ শ্রীভাগ-

অস্তি স্বস্তরুণীকরাগ্রবিগলৎকল্পপ্রসূনাপ্লুতং
বস্তু প্রস্তুতবেণুনাদলহরীনির্ব্বাণনির্ব্যাকুলং।

সর্ব্বোত্তমং সর্ব্বভজনীয়ং পরতত্ত্বরূপং বস্তু নিরূপয়ন্ তৎকালমেবাম্বরাবেশা-ত্তাদৃশং শ্রীকৃষ্ণং পুরঃ স্ফুরন্তং বিলোক্য প্রলপন্নাহ অস্তীতি। অস্য বাহ্যার্থঃ। কিমপি বস্তু অস্তি সদা বিরাজতে। শ্রীবৃন্দাবন ইতি শেষঃ। বসন্ত্যস্মিন্ প্রাগুক্তানি তথা বসতি। কালত্রয়েঽপ্যেকরূপতয়া দীব্যতীত্যর্থদ্বয়োরপ্যৌণাদিতুন্-প্রত্যয়াদ্বস্তু। সামান্যনির্দ্দেশাৎ নপুংসকত্বং। নন্বু। কিং নিরাকারং ব্রহ্ম নেত্যাহ। কিশোরাকৃতি। কিশোরী প্রত্যহং নবযৌবনা আকৃতিঃ স্বরূপং যস্যেতি জীববদ্দেহদেহিভেদো নিরস্তঃ। তথাহি শ্রীভাগবতে। বেদ্যং বাস্তবমত্র বস্ত্বিতি। বিনাচ্যুতাৎ বস্তুতরাং ন বাচ্যমিতি। নাতঃপরং পরমযদ্ভবতঃ স্বরূপমিতি চ। নন্বু। ভগবদ্রূপাণি সর্ব্বাণ্যেব কিশোরাকৃতীনীত্যত্র কতরদিদমিত্যত্রাহ প্রস্তুতবেণ্বিতি। রাসে ব্রজসুন্দরীণামাকর্ষণার্থং প্রস্তুতা যে বেণোর্নাদাস্তেষাং যা লহর্য্যঃ স্বরগ্রামাস্ত্রয়ঃ মূর্চ্ছনাস্ত্বেকবিংশতিরূপাস্তরঙ্গাস্তজ্জন্যং যন্নির্ব্বাণং পরমানন্দস্তাসু মন আদীনাং লয়ো বা তেন নির্ব্যাকুলং। নিরিত্যব্যয়মভাবার্থঃ।

অতঃপর পথে যাইতে যাইতে উৎকণ্ঠাবশতঃ সাধক-রীত্যনুসারে অন্তর্দ্দশাসমুদ্ভূত ইষ্ট বস্তুর উদ্দেশ পূর্ব্বক কহিতেছেন ॥

বৃন্দাবনে এমন কোন এক বস্তু আছে, যাহা স্বর্গীয়

যদুনন্দনঠাকুরের পদ্য।

বতে যাঁর মহিমা বিস্তার। সর্ব্ব ভজনীয় সর্ব্বোত্তম সর্ব্বসার॥ পরতত্ত্ব বস্তুরূপ যেঁহো নিরূপণ। কহিতে আবেশ কৃষ্ণ হইলা স্ফুরণ॥ এইরূপে কৃষ্ণ যেন আগে দেখা পাইলা। দেখিয়া প্রলাপ করি কহিতে লাগিলা॥ এই ত দ্বিতীয় শ্লোকের কহিল আভাস। বিচারিয়া অর্থ এবে করিয়ে প্রকাশ॥

স্রস্তস্রস্তনিরুদ্ধ-নীবি-বিলসদ্গোপীসহস্রাবৃতং
হস্তন্যস্তনতাপবর্গমখিলোদারং কিশোরাকৃতি ॥ ২ ॥

অব্যাকুলমিত্যর্থঃ। নির্মক্ষিকবৎ ব্যাকুলেভ্যো নির্গতমিতি চ। তত্র মগ্নচিত্তাদি-ত্বান্নিশ্চলমিত্যর্থঃ। নির্ব্বাণং সুখমোক্ষয়োরিতি বিশ্বাৎ। তথা সায়ং পুষ্পাণ্য-বচিন্বত্যস্তন্নাদাকৃষ্টা যাঃ স্বস্তরুণ্যস্তাসাং তন্মাধুর্য্যদর্শনবিবশানাং কম্পমান-করাগ্রেভ্যো বিগলন্তি যানি কল্পপ্রসূনানি কল্পতরুপুষ্পাণি তৈরাপ্লুতং প্রেমবৈবশ্যাৎ কল্পতরুস্থানে কল্প ইত্যুক্তিঃ। কিম্বা। সাহচর্য্যবলাদেকদেশে-নাপি পদার্থো বোধ্যতে। তথা স্রস্তস্রস্তা বেণুনাদশ্রবণাৎ গুরুভর্তৃপুর এব স্রস্তা লজ্জাভয়তঃ স্বস্থানে বদ্ধা অপি পুনঃ স্রস্তা অতঃ করেণ রুদ্ধাঃ। কাসাঞ্চিত্তদ্বন্ধনকালবিলম্বাসহিষ্ণুত্বাৎ করাভ্যাং নিরুদ্ধা নীব্যো যাসাং তাশ্চ বয়ঃসৌন্দর্য্যবৈদগ্ধ্যানুরাগাদ্যৈ বিলসন্ত্যশ্চ যা গোপ্যস্তাসাং সহস্রৈরা-বৃতং পরিতোবেষ্টিতং। অতঃ শ্রীভাগবতোক্তরাসবিলাসারম্ভি শ্রীকৃষ্ণরূপং তদ্বস্তু নত্বাগমধ্যানোক্তং। অন্যেষামাবরণানামত্রাগ্রেঽপ্যনুক্তত্বাৎ। তথা হস্তেন ন্যস্তো

তরুণীগণের হস্তাগ্র হইতে বিগলিত কল্পতরুর পুষ্পদ্বারা সমাবৃত তথা আরব্ধবেণুনাদ শ্রবণে আনন্দবশতঃ ব্যাকুলতা-শূন্য, যাঁহার চতুঃপার্শ্বে সহস্র গোপাঙ্গনাগণ কটিদেশ হইতে বারম্বার বিগলিতনীবিকে অবরুদ্ধ করিতে ২ অতিশয় শোভা ধারণ করিতেছেন, অপবর্গ (মোক্ষ) যাহার করতলে বিন্যস্ত থাকিয়া অবনতভাবে বর্ত্তমান এবং যিনি নিখিল উদার হই-তেও উদার এবং যাহার আকৃতি কিশোরী অর্থাৎ সমুদিত নবযৌবন সমন্বিত ॥ ২ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

বৃন্দাবনে আছে কোন বস্তু অতিশয়। কালত্রয়ে এক-রূপে সদাই রসময় ॥ সামান্য নির্দ্দেশ নহে বস্তু নিরূপণ। নিরা-কার ব্রহ্ম তার দেখায় লক্ষণ ॥ সেহো নহে কিশোর

নতানাং স্বভজনোন্মুখানামপবর্গঃ স্বপার্ষদরূপানন্দদেহদানেন লিঙ্গদেহভঙ্গো যেন। তদুক্তং। মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মেত্যাদৌ। যদ্বা। অপবর্গঃ প্রেম-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

আকৃতি মনোহর। নবযুবা কৈশোর মিলন স্থিরতর॥ এই লাগি জীব প্রায় দেহ দেহি ভেদ। নিরস্ত হইল, গুণে নাহি পরিচ্ছেদ॥

ভগবানের রূপ হয় অগণ্য অনন্ত। কিশোর আকার সব হয় মূর্ত্তিমন্ত॥ তার মধ্যে বৃন্দাবনে কাঁহার বিলাস। এত চিন্তি পুনঃ কহে করিয়া প্রকাশ॥ রাসে ব্রজকিশোরিকা আকর্ষণ কাযে। প্রস্তুত বেণুর নাদ বৃন্দাবন মাঝে॥ সে নাদলহরী স্বর গ্রাম মূর্চ্ছাগণ। সে জন্য নির্ব্বাণ শব্দে আনন্দ পরম॥ মন আদি করি তাতে সর্ব্বেন্দ্রিয়গণ। অব্যাকুল মগ্ন প্রায় নিশ্চল লক্ষণ॥ সায়ংকালে দেবনারী পুষ্প তোলে যথা। আচম্বিতে বেণুনাদ প্রবেশিল তথা॥ মাধুর্য্য দেখিয়া তারা বিবশ হইলা। ধৈরয না ধরে নেত্র ঝুরিতে লাগিলা॥ কল্পবৃক্ষ পুষ্প তার হাতেতে হইতে। গলিয়া পড়য়ে হস্ত কাঁপিতে কাঁপিতে॥ সেই সব পুষ্প পড়ে যে কৃষ্ণ উপরে। তাতে পরিপ্লুত রহে কামমোহ করে॥ বেণুধ্বনি শুনিতেই গোপনারীগণ। গুরু ভর্ত্তা আগে স্রস্তনীবিবন্ধ হন॥ লজ্জা ভয়ে তারা নীবি পুনঃ বদ্ধ করে। পুনঃ স্রস্ত করে নীবি মহী খসি পড়ে॥ কেহ কেহ করে রুদ্ধ করি নীবিবন্ধ। সহিতে না পারে কেহ বন্ধন বিলম্ব॥ নবীন কিশোর অতি সুন্দরী সকল। বৈদগধী অনুরাগ পরম প্রবল॥ হেন ব্রজাঙ্গনাগণ-সহস্রে আবৃত। শ্রীভাগবতের

ভক্তিযোগো যেন। তথা পঞ্চমস্কন্ধে গদ্যং যথা। বর্ণবিধানমপবর্গশ্চ ভবতী-ত্যত্র ভক্তিযোগলক্ষণ ইতি। তথৈব ব্যাখ্যাতং শ্রীস্বামিচরণৈঃ। তথা অখিলেভ্যঃ কল্পবৃক্ষাদিভ্য উদারং বাঞ্ছাতিরিক্তদাতৃত্বাৎ। তথাহি। স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিত্যাদি। কিম্বা। অখিলৈ র্নায়কসদ্গুণৈরুদারং মহদত্যুত্তমমিত্যর্থঃ। অন্তর্দশোৎপ্রেক্ষেবং। ইদং কিমপি বস্ত্বস্তি পুরো বিরাজতে। বসন্ত্যস্মিন্ সৌন্দর্য্যমাধুর্য্যবৈদগ্ধ্যাদিসদ্গুণাদীনীতি বস্তু। যদ্বা বস্তে স্বমাধুর্য্যবেণুগীতাদি-জনিতমোহমূর্চ্ছাদিভাবৈরাত্মারামাদিভ্যঃ প্রাণপর্য্যন্তানাং বিশেষতঃ স্ত্রীণাং

যদুনন্দনঠাকুরের পদ্য।

রাসে যাঁহারে বেকত॥ সেই বস্তু বৃন্দাবনে সদা বিরাজয়। আগমাদ্যে ধ্যান-উক্ত যেহো তেহো নয়॥ অন্য আবরণ আদি আগে না কহিল। এই ত কারণে ইহা তারে না বলিল॥ প্রণত জনেরে হস্তাবলম্বন দিয়া। নিজ পারিষদ করে আনন্দিত হৈয়া॥ পরম আনন্দ দেহ দান দেয় তার। মায়াদেহ দূর করে কি বলিব আর॥ তাহাতে প্রমাণ তার শ্রীমুখবচন। ভক্তস্থানে কৃপা করি কহিল কথন॥ কিবা অপবর্গ শব্দে প্রেমভক্তি বলি। পঞ্চমস্কন্ধের পদ্য প্রমাণ তাহারি॥

কিম্বা সেই কৃষ্ণচন্দ্র অতিশয় দাতা। কল্পবৃক্ষ আদ্যে জিনে অন্যে কিবা কথা॥

কিম্বা সর্ব্বনায়ক হৈতে গুণেতে প্রবীণা। পরম উত্তম রূপ সর্ব্বরস-সীমা॥ এই ত কহিল শ্লোকের বাহ্যদশা অর্থ। অন্তর্দ্দশার অর্থ শুন পরম সমর্থ॥ এইরূপে কোন বস্তু আগে বিরাজয়। সৌন্দর্য্য মাধুর্য্য সর্ব্ব বৈদগ্ধ্যাদি চয়॥ আপনা মাধুর্য্য বেণুগীত আদি হৈতে। আত্মা প্রাণপর্য্যন্ত সে করয়ে মোহিতে॥ বিশেষতঃ নারীগণের মোহয়ে

ততোঽপ্যতিতরাং ব্রজসুন্দরীণাং চিত্তমাচ্ছাদয়তি ইতি বস্তু। কীদৃশং। কিশোরাকৃতি। নমু গোপ্যঃ সাধ্ব্যঃ পরতন্ত্রাঃ কথমেষ্যন্তি কথম্বা রাসো ভবেদিতি ব্যাকুলোঽপি তথা বেণুনাদলহরীভির্যন্নির্ব্বাণং তদা কৃষ্ণবল্লবীনাং কাঞ্চীনূপুরাদিধ্বনি শ্রবণজানন্দস্তেন নির্ব্যাকুলং। তথাচ হস্তে ন্যস্ত ইচ্ছয়া বেণুনাদেনৈব সম্পাদিতঃ নতানাং স্বচরণাশ্রয়োন্মুখীনাং তাসাং গুর্ব্বাদিবারণধর্ম্মলজ্জাদিশৃঙ্খলাভ্যো ঽপবর্গো মোক্ষো যেন। তদুক্তং। যা মাতভ্রন্ দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্যেত্যাদৌ। তথা। অখিলাসু বল্লবীষু উদারং তত্তদভীষ্টবিলাসপূর্ত্ত্যা সর্ব্বমনোরথদাতৃ। তদুক্তং। শ্রীজয়দেববচনৈঃ। বিশ্বেষামনুরঞ্জনেনেত্যাদৌ। কিম্বা অখিলৈর্ভজনীয়সদা নৈরুদারং মহদত্যুত্তমমিত্যর্থঃ। অন্যৎ সমং। আকৃষ্য রাধাং ব্রজসুভ্রুবাং গণাত্তস্যা তয়া গূঢ়বিলাসলাভতঃ। কুঞ্জে রসাস্বাদবিশেষলক্ষয়ে

যদুনন্দনঠাকুরের পদ্য।

অন্তরে। তাতে হৈতে ব্রজনারী সদা মোহ করে॥ কিশোর আকৃতি বস্তু গুণের সাগর। মদনমোহন বেশ শ্যাম কলেবর॥ মনে চিন্তে কৃষ্ণ গোপনারী পরতন্ত্র। সহজেই নারীগণ না হয় স্বতন্ত্র॥ কেমনে আসিবে হেথা স্বতন্ত্র হইয়া। ব্যাকুল হইলা মনে এ সব চিন্তিয়া॥ বেণুগান আরম্ভিলা শুনি গোপীগণ। পরম আনন্দবৃন্দে আকর্ষিল মন॥ নির্ব্বাণ শব্দেতে কহি আনন্দ বিশেষ। বিশ্বপ্রকাশে কহে এই অর্থ শেষ॥

হস্তে লৈয়া বেণুগান করিয়া গোবিন্দ। প্রণতগণের মনে বাঢ়ায় আনন্দ॥ গুরু লজ্জা ধর্ম্ম আদি শৃঙ্খলা হইতে। মুক্ত করি আনে কৃষ্ণ আপন ইচ্ছাতে॥

ব্রজনারী বেণু শুনি উন্মত্ত হইয়া। আইসে কৃষ্ণের স্থানে না চায় ফিরিয়া॥ নূপুর কিঙ্কিণী বাজে কঙ্কণ ঝঙ্করে। সে ধ্বনি শুনিয়া কৃষ্ণ নির্ব্ব্যাকুল ধরে॥ বহু কল্পবৃক্ষ হৈতে উদয় গোবিন্দ। সর্ব্বগোপী অভীষ্ট পূরণ নিরুদ্বন্দ্ব॥

প্রারম্ভি রাসো রসিকেন্দ্রমৌলিনা। পশ্চান্ময়া বাহ্যদশোত্থমর্থং সংগৃহ্যতাদাবপি বক্তুমহং। অন্তর্দশোত্থঃ সবিশেষমর্থঃ পূর্ব্বং নিজেষ্টঃ কিল কথ্যতেঽসৌ। তথাস্য তদ্ বেশ্যাবক্ত্রাৎ শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণেঽনুরাগাদিশ্রবণজাতলোভত্বাৎ রাগানুগামার্গেণৈব ভজনং। অত্র রাগানুগামার্গে অনুৎপন্নরতিসাধকভক্তৈরপি স্বেপ্সিতসিদ্ধদেহং মনসি পরিকল্প্য ভগবৎসেবাদিকং ক্রিয়তে। জাতরতীনাস্তু স্বয়মেব তদ্দেহস্ফূর্ত্তেঃ। অস্যাতু উৎপন্না মধুরজাতীয়া রতিঃ ক্রমেণানুরাগদশাং প্রাপ্তাস্তিতস্তদেহস্ফূর্ত্তিঃ সদৈব। যথা রসামৃতসিন্ধৌ। ইষ্টে স্বারসিকী রাগঃ পরমাবিষ্টতা ভবেৎ। তন্ময়ী যা ভবেদ্ভক্তিঃ সাত্র রাগাত্মিকোচ্যতে। বিরাজন্তীমভিব্যক্তং ব্রজবাসিজনাদিষু। রাগাত্মিকামনুসৃতা যা সা রাগানুগোচ্যতে। রাগাত্মিকৈকনিষ্ঠা যে ব্রজবাসিজনাদয়ঃ। তেষাং ভাবাপ্তয়ে

যদুনন্দনঠাকুরের পদ্য।

রসিকেন্দ্র মৌলী কৃষ্ণ আরম্ভিলা রাস। বহু ব্রজাঙ্গনা সঙ্গে হাস পরিহাস॥ ভঙ্গি করি ব্রজাঙ্গনা মাঝে হৈতে রাধা। আকর্ষয়ে নিগূঢ় বিলাস লোভে সাধা॥ নিকুঞ্জে বিশেষ রস আস্বাদ লাগিয়া। আরম্ভিলা রাসলীলা আনন্দিত হৈয়া॥ দ্বিতীয় শ্লোকের অর্থ কহিল বিস্তার। তৃতীয় শ্লোকের এবে শুন অর্থ সার॥ পাছে বাহ্যদশার অর্থ সংক্ষেপে কহিব। অন্তর্দ্দশার অর্থ কিছু বিস্তারি বর্ণিব॥ নিজ ইষ্ট অন্তর্দ্দশার অর্থসবিশেষ। সেই অর্থ বিস্তারিব জানিতে উদ্দেশ॥ অতঃপর লীলাশুক মহাভাগবত। বেশ্যামুখে রাধাকৃষ্ণ লীলা শুনে যত॥ রাধাকৃষ্ণ অনুরাগ প্রবন্ধ শুনিয়া। অতিলোভ উপজিল আপনার হিয়া॥ রাগানুগা মার্গে কৃষ্ণভজন করিতে। পরম লালসা তার বাড়ি গেল চিত্তে॥ এই রাগানুগা পথে অন্য ভক্তগণ। উৎপন্ন রতি কৃষ্ণে সাধক লক্ষণ॥ তাহারাহ বাঞ্ছিত দেহ মনেতে কল্পিয়া। কৃষ্ণসেবা আদি করে একান্ত হইয়া॥ জাতরতিগণে তাহা সদা স্ফূর্ত্তি হয়। নিজ সুখ

চাতুর্য্যৈকনিদান সীম চপলাপাঙ্গচ্ছটামন্থরং
লাবণ্যামৃতবীচিলোলিতদৃশং লক্ষ্মীকটাক্ষাদৃতং।

লুব্ধো ভবেদত্রাধিকারবান্ তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রুতে ধী র্যদপেক্ষতে। নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোৎপত্তিলক্ষণমিতি। অথোজ্জ্বলনীলমণৌ। স্যাদ্দৃঢ়েয়ং রতিঃ প্রেমা প্রোদ্যন্ স্নেহঃ ক্রমাদয়ং। স্যান্মানঃ প্রণয়ো রাগোঽনুরাগো ভাব ইত্যপি। বীজমিক্ষুঃ সচ রসঃ স গূড়ঃ খণ্ড এব সঃ। সা শর্করা সিতা সা স্যাৎ সা যথা স্যাৎ সিতোপলেতি। তত্রানুরাগলক্ষণং। সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ং। রাগো ভবন্নবনবঃ সোঽনুরাগ ইতীর্য্যতে॥ ইতি। তথৈবাগ্রে ব্যক্তীভবিষ্যতি॥ ২॥

ততঃ শ্রীকৃষ্ণপার্শ্বে সর্ব্বমুখ্যায়াঃ পূর্ব্বশ্রুতানুরাগসৌভাগ্যায়াঃ শ্রীরাধায়াঃ

তদনন্তর শ্রীকৃষ্ণের পার্শ্বে পূর্ব্বে যাঁহার অনুরাগ ও সৌভাগ্য শ্রুত হইয়াছে, সেই শ্রীরাধার পার্শ্বস্থা এবং উপাসনাকারিণী সখীগণের মধ্যে আপনাকে তাদৃশী একটী জানিয়া কোন এক সখী নিবেদন পূর্ব্বক কহিলেন॥

হে সখিগণ! যিনি চাতুর্য্যের একমাত্র নিদানের সীমা স্বরূপ অপাঙ্গ অর্থাৎ নেত্রপ্রান্তভাগের ছটায় মন্থর, লাবণ্যা-

যদুনন্দনঠাকুরের পদ্য।

দুঃখে তাহা কভু না বাধয়॥ লীলাশুকে উপজিল মধুর জাতি রতি। ক্রম অনুরাগ দশা তাতে প্রাপ্ত অতি॥ সদা সেই দেহ স্ফূর্ত্তি হয় তার মনে। রসামৃতসিন্ধু গ্রন্থে যে সব লক্ষণে॥ ২॥

এই সব কথা আগে সব ব্যক্ত হবে। তৃতীয় শ্লোকের অর্থ কহি কিছু এবে॥ কৃষ্ণপার্শ্বে সর্ব্বমুখ্য রাধা গুণবতী। অনুরাগ সৌভাগ্যপূর্ণা পূর্ব্বে যার খ্যাতি॥ তার পার্শ্বে আছে সখী তার উপাসিকা। আপনাকে তার মাঝে জানে সেই একা॥

কালিন্দীপুলিনাঙ্গণপ্রণয়িনং কামাবতারাঙ্কুরং
বালং নীলমমী বয়ং মধুরিমস্বারাজ্যমারাধ্নুমঃ॥ ৩॥

পার্শ্বস্থসখীনাং তদুপাসিকানাং মধ্যে আত্মানং তাদৃশীমেকাং জ্ঞাপয়ন্নাহ। অমী বয়ং তৎপরিবাররূপা বালং কিশোরং আরাধ্নুমঃ। চামরান্দোলন তাম্বূলদানাদিনা বয়ং সেবামহে। পূর্ব্বং কিশোরাকৃতিত্বেন নিরূপিতত্বাৎ। অগ্রেঽপি তল্লীলায়া এব বর্ণিতত্বাৎ। স্মৃত্যলঙ্কারাদিষু ত্রিবিধবয়োবিবেচনে বাল্যষোড়শাব্দান্তমিতি প্রসিদ্ধেশ্চ বালশব্দেনাত্র কিশোর এবোচ্যতে। অন্যথা ব্যাখ্যায়াং কামাবতারাঙ্কুরত্বাসম্ভবাৎ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং। কীদৃশং। নীলং ইন্দ্রনীলমণিশ্যামং মূর্ত্তং শৃঙ্গাররসমিত্যর্থঃ। যদুক্তং। শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিতি।

মৃতের তরঙ্গে চঞ্চললোচন, লক্ষ্মীদেবীর কটাক্ষে সমাদৃত, যমুনার পুলিনাঙ্গনের প্রণয়ী কামরূপ অবতারের অঙ্কুর এবং নিখিল মাধুর্য্যের নিজায়ত্ত রাজ্য স্বরূপ, সেই নীলবর্ণ বালক অর্থাৎ কিশোরকে আমি আরাধনা করি॥ ৩॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

রাধিকার পরিবার আমি সর্ব্বথায়। আরাধিব কিশোর শেখর শ্যামরায়॥ চামর দোলাব আর যোগাব তাম্বূল। পাদসম্বাহন আদি সেবা অনুকূল॥ বাল শব্দে কিশোর বয়স শাস্ত্রে কহে। স্মৃতি অলঙ্কার আদ্যে ইহা ব্যক্ত হয়ে॥ ত্রিবিধ বয়স কৃষ্ণের বিবেচনা কাযে। ষোড়শাব্দ অন্তবাল্য তাতে কহিয়াছে॥ এই লাগি বাল শব্দে কিশোর কহিয়ে। এই মত এই গ্রন্থে সর্ব্বত্র বুঝিয়ে॥ আর কহি বাল শব্দে কাম অবতার। প্রকট অঙ্কুর যেন বিনোদ আকার॥ কিশোর আকার কৃষ্ণ ব্রজেন্দ্রনন্দন। ইন্দ্রনীলমণি শ্যামবর্ণ মনোরম॥ কেবল শৃঙ্গার রসায়ন মূর্ত্তিমান্। শ্রীগীতগোবিন্দ যার লীলা-রস গান॥

রাসরঙ্গকালিন্দীপুলিনমেব মাধবীচতুঃশালিকায়া অঙ্গনং তত্র প্রণয়িণং সদা তত্র বিলসন্তমিত্যর্থঃ। তথা প্রবললজ্জাবাম্যাভ্যাং পরমোৎকণ্ঠায়ামপ্যধোমুখস্থিতায়াঃ লক্ষ্যাঃ শ্রীরাধায়াঃ কটাক্ষে তৎপ্রাপ্তাবাদৃতং সাদরং তথা পরিতঃ স্থিতাস্বপ্যন্যাসু শ্রীরাধায়া এব লাবণ্যামৃতবীচিভি র্লোলিতে সতৃষ্ণীকৃতে দৃশৌ যস্য তং। অতোঽন্যাস্ত্যক্ত্বা তয়া সহ রহঃলীলোৎকণ্ঠয়া সর্ব্বসমাধানপূর্ব্বকগমন্যা লক্ষিতপ্রেরণয়া তস্মিন্ক্রামণস্বনিষ্ক্রামণাদিষু তস্য তত্র চ চাতুরীস্ফূর্ত্ত্যাহ। চাতুর্য্যেতি। চাতুর্য্যাণাং নেত্রান্তাদিদ্বারৈব তত্তজ্জ্ঞাপনরূপাণাং

যদুনন্দনঠাকুরের পদ্য।

মাধবীর চতুঃশালা কালিন্দীপুলিনে। রাসরঙ্গ লীলা করে তাহার অঙ্গনে॥ কালিন্দীপুলিন তার অতিপ্রিয় স্থান। প্রিয়া লৈয়া লীলা তাহা করে অবিরাম॥ অতি লজ্জা বাম্য আর অতি উৎকণ্ঠিতা। অধোমুখী সদা রহে সেই যে রাধিকা॥ তাহার কটাক্ষ যার আদর অপার। আদরে ভজিব আমি চরণ তাঁহার॥ রাসমধ্যে শতকোটি গোপী সঙ্গে লীলা। রাধার লাবণ্যে যেহ আকৃষ্ট হইলা॥ রাধার লাবণ্য সুধা তরঙ্গে ভরল। সদাই তৃষিত নেত্র যাহার প্রবল॥ সেই কৃষ্ণ ভজিব আমি এই মনে দৃঢ়। হৃদয়ে লালসা মোর বাড়ি গেল বড়॥ রাসমধ্যে অন্য গোপীগণ তেয়াগিয়া। রাধাসঙ্গে কুঞ্জলীলায় ভুলে যায় হিয়া॥ নেত্র অন্ত দ্বারে তাহা ব্যক্ত জানাইতে। চপল অপাঙ্গ ছটা সীমারূপ যাতে॥ এই যে নয়ন ভঙ্গী বুঝেন রাধিকা। অন্য কেহো নাহি বুঝে তাহাতে অধিকা॥ কিম্বা রাধা কটাক্ষেতে আদর যাহার। সঙ্কেত জানিয়া তেঁহ করে অঙ্গীকার॥ যাহাতে চঞ্চল যার অপাঙ্গের ছটা। তাহারে ভজিব আমি মনে হর্ষ ঘটা॥

লক্ষ্মীগণ কহিতে কহি ব্রজদেবীগণ। কটাক্ষেহ যদ্যপিহ আদর সঘন॥ চাতুর্য্যনিদান-মাত্র এক সেই সীমা।

যানি মুখ্যানি নিদানান্যাদিকারণানি তেষাং সীমা অবধিরূপশ্চ। পুনশ্চপলে যো ঽপাঙ্গ স্তস্য ছটয়া তাং মন্থরয়তি স্তব্ধাং করোতীতি। অতো লক্ষ্মান্তস্যাঃ কটাক্ষে আদৃতং সাদরং সঙ্কেতজ্ঞাপনমিদং জ্ঞাপয়ত্বিয়মিতি তদভিলসন্তমিত্যর্থঃ। যদ্বা। তথা শ্রিয়ঃ কান্তাঃ কান্তঃ পরমপুরুষ ইত্যাদি। লক্ষ্মীসহস্রশতসংভ্রমসেব্যমানমিত্যাদি ব্রহ্মসংহিতাদ্যনুসারেণ লক্ষ্মীণাং ব্রজদেবীনাং কটাক্ষৈরাদৃতমপি তাদৃক্‌চাতুর্য্যাণামবধিরূপশ্চপলায়াস্তল্লীলার্থং জাতচাপল্যায়াঃ শ্রীরাধায়া যোঽপাঙ্গস্তচ্ছটাভির্মন্থরং জাতস্তব্ধতয়া তত্তৎক্রিয়াদিষপ্যশক্তং বা। তথা প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথামিত্যাদ্যনুসারেণ কামস্য তদ্বিষয়কপ্রেমবিশেষস্য যোঽবতারঃ। প্রাকট্যং তস্যাঙ্কুরঃ

যদুনন্দনঠাকুরের পদ্য।

সেই যে লীলায় যার লোভ অনুপম। রাধার অপাঙ্গ ছটায় মন্থর হইয়া। স্তব্ধ হৈয়া রহে তাতে শক্তি তেয়াগিয়া॥

কাম শব্দ তাহার বিষয়ে প্রেম কহি। তার যেই অবতার অঙ্কুর উদই॥ তাহারে ভজিব আমি হইয়া একান্ত। কহিতেই দেহ সর্ব্ব মাধুর্য্যের অন্ত॥ মাধুর্য্য স্বারাজ্যময় এই কৃষ্ণে হয়। সকল সুলভ এথা মাধুর্য্য-আলয়॥ রাধিকার সখীভাব লীলাশুক মনে। প্রকট হইল গ্রন্থে তাহারি বচনে॥

বাহ্যদশা অর্থ এবে কহিয়ে ইহার। ভঙ্গী প্রতি লীলাশুক যে কৈল প্রচার॥ পূর্ব্বে যে কহিলাঙ বস্তু নিয়ম তোমারে। কেবল সে বস্তু নহে আর আছে আরে॥ আমরা সভাই যার করি আরাধনে। ব্রহ্মা শুক আদি তারে করিলা স্তবনে॥

সেই যে কিশোর শ্যাম করি আরাধন। আশ্রণীয় তেঁহ সর্ব্ব নায়ক উত্তম॥ বিশেষে কালিন্দীকূলে সদাই

প্ররোহো যস্মাত্তং। সর্ব্বমাধুর্য্যমনুভূয়াহ মধ্বিতি। মধুরিম্নাং স্বারাজ্যং তৎ সর্ব্বত্রৈব সুলভমিত্যর্থঃ। তত্রাস্য তস্যাঃ সখ্যেনানুরাগতঃ। রাধাপয়োধরেত্যাদৌ। যে বা শৈশবচাপলব্যতিকরা রাধাবরোধোন্মুখা ইত্যাদৌ চ সুব্যক্তৈব। বাহ্যদশার্থস্ত্বেবং। স্বসঙ্গিনঃ প্রত্যেব ন কেবলং তাদৃশং বস্তুস্ত্যেব মাত্রং বয়মপি তদুপাস্মহ ইত্যাহ। অমী বয়ং। জানন্তু এব জানন্তু ইত্যাদিনা। নায়ং সুখাপো ভগবানিত্যাদিনা বিধিশুকাদিভিঃ স্তুতং বালং আরাধ্নুম ইতি। স্বরবৈকৃত্যেনাশ্চর্য্যদ্যোতনং। স্বস্য তদ্বহির্মুখপূর্ব্বদশাস্মৃত্যা অদসঃ প্রয়োগঃ। তান্ ক্রোড়ীকৃত্য বহুত্বপ্রয়োগশ্চ। তমেবাশ্রয়ণীয়নায়কং সদ্গুণৈ র্বিশিনষ্টি। তত্র কালিন্দীতি সদা বিলাসিত্বমুক্তং। মধুরিমেতি রুচিরত্বং তাসামাকর্ষণে উপেক্ষাপ্রত্যায়কবাগ্ভঙ্গিপ্রার্থনাদিচাতুরীস্ফূর্ত্ত্যাহ চাতুর্য্যেতি। অনেন বৈদগ্ধ্যং। চপলেতি মোহনত্বং। চপলানাং তাসামপাঙ্গচ্ছটাভি র্মন্থরং স্তব্ধমিতি প্রেমবৈবশ্যত্বং। তস্যা মুখেন্দুদর্শনাদুচ্ছলিতো যো লাবণ্যামৃতার্ণবস্তদমৃতবীচিভি র্লোলিতাঃ সতৃষ্ণীকৃতা স্তস্যাঃ পশ্যতাক্ষ দৃশো যেনেতি সৌন্দর্য্যং। বেণুনাদাকৃষ্টয়া নভঃস্থিতয়া লক্ষ্ম্যাঃ কটাক্ষৈরাদৃতং সাদরং সলালস-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

বিলাসে। অতিশয় সুমাধুরী যাহাতে প্রকাশে॥ কহিতেই যেন রাসে গোপাঙ্গনা আনি। উপেক্ষা করয়ে হেন কহে ভঙ্গী বাণী॥ প্রার্থনা জানায় তাতে বচন কৌশলে। এই স্ফূর্ত্তে লীলাশুক কহয়ে সত্বরে॥ বৈদগ্ধ্য চাপল্য নিজ প্রকাশ করিলা। মোহনত্ব আপনার তাতে জানাইলা॥ তারা যে চপলাগণ অপাঙ্গ ছটাতে। মন্থর হইল এই প্রেমবশ্য রীতে॥ রাধিকাদি মুখচন্দ্র দর্শন হইতে। উছলিল লাবণ্য অমৃতসিন্ধু যাতে॥ তাহার তরঙ্গে তারে তৃষিত করিয়া। তা সবারে দেখে যেঁহো সুখাবিষ্ট হৈয়া॥ এই ত সৌন্দর্য্য পূর্ণ ইহাতে প্রকাশ। অন্যোন্য চঞ্চল নেত্র মুখে মৃদু হাস॥ বেণু ধ্বনি করি আকর্ষিলা লক্ষ্মীগণ। কটাক্ষে

লীক্ষ্যমাণমিতি। নারীগণমনোহারিত্বং কামাদীনাং চতুর্ব্যূহান্তর্গতপ্রদ্যু-ম্নাখ্যস্বস্বরূপাণাং শাখাস্থানীয়ানাং তদংশলেশাভাসরূপাণামনন্তব্রহ্মাণ্ডান্তর্গত-প্রাকৃতকামানাং পত্রস্থানীয়ানামবতারস্য প্রাকট্যস্য অঙ্কুরং প্রথমোদ্ভিন্ন-কোমলস্কন্ধাংশং। প্রাকৃতাপ্রাকৃতকন্দর্পনিদানবৃন্দাবনাভিনবকন্দর্পমিত্যর্থঃ। আগমাদৌ কামগায়ত্র্যা কামবীজেন চ তস্য তদ্রূপেণোপাস্যত্বাৎ। কোটিমদন-বিমোহনাশেষচিত্তাকর্ষকসহজমধুরতরলাবণ্যামৃতাপারার্ণবেন মহানুভাবচয়ো-হনুভূয়মানতত্তন্মহাভাবনিবহেন শ্রীমদনগোপালরূপেণাধুনাপি বৃন্দাবনে বিরাজ-মানত্বাচ্চ। অনেন সর্ব্বাবতারবীজত্বসর্ব্বমাধুর্য্যে উক্তে। রাসলীলা জয়তোষা যয়া সংবুজ্যতেঽনিশং। হরে বিদগ্ধতাভের্যা রাধাসৌভাগ্য-

---

যদুনন্দনঠাকুরের পদ্য।

পূজিলা তারা লোভি হৈয়া মন॥ নারীগণ মনোহারি লীলার প্রকাশ। না পাইলা সঙ্গী লক্ষ্মী গেলা দুঃখে বাস॥ চতুর্ব্যূহ অন্তরেতে যত কামগণ। প্রদ্যুম্নাখ্য আদি স্বস্বরূপ মনোরম॥ শাখাস্থানীগণ আর আছে কত কত। তার অংশ লেশাভাস রূপ যত যত॥ অনন্ত ব্রহ্মাণ্ড মধ্যে যত কামগণ। পত্রস্থানী আছে তার না হয় গণন॥ তার অবতারী কৃষ্ণ প্রাকট্য অঙ্কুর। বৃন্দাবনে নব কামদেব সর্ব্বমূল॥ প্রাকৃতা-প্রাকৃত যত কন্দর্পের গণ। প্রথম কমলস্কন্ধ অংশ মনোরম॥ আগমাদি শাস্ত্রে গায়ত্রী কামবীজে। তার উপাসনা করে সর্ব্বভাবে ভজে॥ কোটি মনোমথ এই রূপের প্রকাশ। সর্ব্ব চিত্ত আকর্ষক সহজ বিলাস॥ লাবণ্য মধুরোত্তম অমৃতের সিন্ধু। মহা অনুভাব চয়ে অনুভবে বিন্দু॥ সেই সেই মহা মহা প্রভাবের গণ। মহা মহাশয় সবে করে আস্বাদন॥ অদ্যাবধি মদনগোপাল রূপ ধরি। বৃন্দাবনে বিরাজয়ে সঙ্গে গোপনারী॥ সর্ব্ব অবতার বীজ মাধুর্য্য আলয়। বৈদগ্ধ

বৈ ৩০৩
Acc ১১৪৬৩
১৪/৯/২০০৬

দুন্দুভিঃ॥ ৩॥

অথাস্য বাহ্যে তিস্রো দশা দৃশ্যন্তে। প্রথমস্ফূর্ত্তৌ স্ফূর্ত্তিজ্ঞানং। ততঃ স্ফূর্ত্তিসাক্ষাৎকারয়োর্ভ্রমঃ। ততঃ সাক্ষাৎকার ইতি। অত্রাস্য মধুরজাতীয়ভাবাশ্রয়ত্বাৎ পূর্ব্বরাগবিপ্রলম্ভোৎপন্নলালসাদশোৎপন্নাস্তি তয়া অন্তঃস্ফূর্ত্তাবপি বাহ্যদশোত্থদৈন্যবৈকল্যাদিবাসিতমনস্তয়া রাসবিলাসিনস্তস্য স্ফূর্ত্তিপ্রার্থনমেবাষ্টাদশভিঃ। তানি স্পর্শসুখাদীনি তেচ তরলা ইত্যাদৌ। সা বিম্বাধরমাধুরীতি বিষয়াসঙ্গেঽপি চেন্মানসং, তস্যাং লগ্নসমাধি হন্ত বিরহব্যাধিঃ কথং বর্দ্ধতে। ইতিবৎ॥

তত একেন স্বনিশ্চয়কথনং। ততো গোপীনাং রাসান্তর্হিতকৃষ্ণদর্শ-

যদুনন্দনঠাকুরের পদ্য।

চাতুর্য্য সর্ব্ব রসের আশ্রয়॥ এই কৃষ্ণ আরাধিমু মোর মনে লয়। যাতে লোভি হয় মন সেই সে মিলয়॥ জয় জয় রাগলীলা জয় রাসলীলা। অহর্নিশি এই লীলা যেহ ঘোষাইলা॥ কৃষ্ণবিদগ্ধতা ভেরী সম্বন বাজায়। রাধার সৌভাগ্যময় দুন্দুভি ঘোষয়॥ ৩॥

চতুর্থ শ্লোকের অর্থ প্রকাশ করিতে। আভাস লিখিয়ে তার টীকা অভিমতে। এই লীলাশুকের বাহ্য তিন দশা হয়। প্রথমে কৃষ্ণের স্ফূর্ত্তে স্ফূর্ত্তি জ্ঞান হয়॥ দ্বিতীয়েতে হয় স্ফূর্ত্তি সাক্ষাৎকার ভ্রম। তৃতীয়ে সাক্ষাৎকার এইত লক্ষণ॥ মধুর জাতীয় ভাব আশ্রয় হইতে। পূর্ব্বরাগ বিপ্রলম্ভ উৎপন্ন তাহাতে। প্রথমে লালসা দশা উৎপন্ন হইলা। যদ্যপি চিত্তেতে তার লালসা স্ফুরিলা॥ বাহ্যদশা উত্থাপিত দৈন্য বিকলতা। তাহাতে বাসিত মন হইল সর্ব্বথা॥ শ্রীরাসবিলাসী কৃষ্ণ স্ফূর্ত্তির লাগিয়া। অষ্টাদশ শ্লোক করে প্রার্থনা যাচিয়া॥

একশ্লোকে আপনার নিশ্চয় কহিলা। তবে রাসে কৃষ্ণ

নোৎকণ্ঠা প্রলাপস্ফূর্ত্ত্যা তদ্দর্শনং প্রার্থনং ত্রয়স্ত্রিংশতা। ততঃ স্ফূর্ত্তিসাক্ষাৎকারয়ো ভ্রমঃ পঞ্চভিঃ পুনর্দর্শনোৎকণ্ঠা সপ্তভিঃ। ততঃ সাক্ষাত্তদ্দর্শনাদ্বাঙ্‌মনসাগোচরত্বেন তদ্বর্ণমষ্টাবিংশত্যা। ততস্তেন সহোক্তিঃ প্রত্যুক্তিঃ সপ্তদশভিরিতিক্রমঃ। তত্রাদৌ তয়া সহ নিভৃতলীলোৎকণ্ঠয়া সর্ব্বসমাধানার্থং। বাহুপ্রসারেত্যাদিবৎ। তথা তস্যাস্তাসাং তদুৎকণ্ঠাং বর্দ্ধয়িতুমুত্তম্ভয়ন্ রতিপতিমিত্যাদিবচ্চ। তাভিঃ সহ বিলসতস্তস্য স্ফূর্ত্ত্যা স্বসমানসখীঃ প্রত্যাহ। প্রথমং

যদুনন্দনঠাকুরের পদ্য।

অন্তর্দ্ধান স্ফূর্ত্তি হৈলা॥ তাতে গোপীগণ কৃষ্ণ দর্শন লাগিয়া। উৎকণ্ঠাতে ফিরে তারা প্রলাপ করিয়া॥ তাহা দেখিবারে স্ফূর্ত্তি প্রার্থনা করয়। তেত্রিশ শ্লোকেতে লীলাশুক নির্ব্বাচয়। তবে স্ফূর্ত্তি সাক্ষাৎকার ভ্রম অতিশয়। পঞ্চশ্লোকে বিশেষিয়া করিল নিশ্চয়॥ পুনর্ব্বার দরশন লাগি উৎকণ্ঠিত। সপ্তশ্লোকে সেই সব করিল নিশ্চিত॥ সাক্ষাৎ দর্শন তবে হইল তাহার। বাক্য মন অগোচর বর্ণনা প্রচার॥ অষ্ট বিংশতি তার শ্লোক মনোহর। উক্তি প্রত্যুক্তি কৃষ্ণ সঙ্গে তার পর॥ সপ্তদশ শ্লোকে তাহা করিল বিস্তার। এইরূপে ক্রমে অর্থ করিয়ে প্রচার॥ তাহার প্রথম লীলা রাধিকার সনে। নিভৃতে করিতে সাধ বাঢ়ে কৃষ্ণ মনে॥ সর্ব্ব সমাধান লাগি সর্ব্ব গোপী সনে। বাহুপ্রসারাদি লীলা করে হর্ষমনে। রাধা আর গোপীগণের উৎকণ্ঠা বাঢ়াইতে। রাসে নান লীলা করে কৃষ্ণ নানামতে॥

রাধা আদি গোপাঙ্গনা সনে কৃষ্ণচন্দ্র। রাসলীলা করে মনে পাইয়া আনন্দ॥ সেই রাসলীলা স্ফূর্ত্তি হৈল লীলাশুকে। নিজ সম সখী প্রতি কহে নিজমুখে॥

প্রথমতঃ কৃষ্ণের লাবণ্য ছটা সনে। ভূষণ অম্বর কান্তি

বর্হোত্তংসবিলাসকুন্তলভরং মাধুর্য্যমগ্নাননং

তল্লাবণ্যচ্ছটোচ্ছলিতং তদ্ভূষণাম্বরং গোপীলাবণ্যভূষাদিজ্যোতিঃপুঞ্জং নির্ব্বিশেষতয়ানুভূয়েব জাতাহ্লাদো লোভাৎ সসংভ্রমমাহ ॥

ইদং জ্যোতিঃ স্বপরপ্রকাশকং মনোনেত্ররসায়নং বস্তু নশ্চেতসি চকাস্তু। ঈষদ্বিশেষস্ফূর্ত্ত্যাহ। কুণ্ডলমণ্ডিতগণ্ডাধরস্মিতাদীনাং মাধুর্য্যে তৎপ্রবাহে মগ্নং কৃতমজ্জনমাননং যস্য তৎ। সমগ্রবিশেষস্ফূর্ত্ত্যাহ। প্রকর্ষেণ উন্মীলন্নবযৌবনং চরমকৈশোরং যস্য তৎ। তথা বর্হোত্তংসস্য যো বিলাসঃ নৃত্যগত্যা মন্দানিলেন

অনন্তর সখীগণ সহ বিলাসকারি শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি বোধ করত আপনার সমান সখীগণের প্রতি কহিতে লাগিলেন—হে সখীগণ! যিনি ময়ূরপিচ্ছ চূড়ার সহিত সংযুক্ত কুন্তলে

যদুনন্দনঠাকুরের পদ্য।

অনন্তর "রাসে নৃত্যগতি লাঘবদ্বারা এক শরীরে গোপীদিগের হৃদয় হইতে ক্ষণকালও অপগত হয়েন না"। ইহা অনুভব করিয়া কান্তিপ্রবাহে উচ্ছলিত শ্রীকৃষ্ণকে অবলোকন করত বর্ণন করিতে অসমর্থ হইয়া আশ্চর্য্যের সহিত কেবল নমস্কার পূর্ব্বক লীলাশুক দুই শ্লোকে কহিতেছেন ॥

যিনি শ্রীরাধার স্তনযুগলের উৎসঙ্গ (ক্রোড়) শায়ী, যিনি

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহয়ে দুই শ্লোক। কেবল প্রণাম করি, জ্যোতিঃপুঞ্জমাত্র বলি, লীলাশুক হইয়া অশোক ॥ ৭৫ ॥

সখি! হে, এই মত কৈলা তেজোবরে। নমস্কার রহু সদা কহিল তোমারে ॥ রাধিকার পয়োধর উৎসঙ্গে শয়ন। করিবার শীল যার নিরন্তরোত্তম ॥ তার কাছে ক্ষণে পাছে ত্যাগ ইচ্ছা হয়। ঐছে চিন্তা যার নিত্য তারে রহু জয় ॥ কহি আর পুনর্ব্বার দেখে চতুর্দ্দিশা। কহে অহে আশ্চর্য্য হে সেহ নহে শেষা ॥ বহু নারী কুচোপরি নিকটেত রহে।

রাধাপয়োধরোৎসঙ্গশায়িনে শেষশায়িনে ॥ ৭৬ ॥

তৎপুঞ্জরূপায় নমোঽস্তু। কীদৃশে। রাধাপয়োধরোৎসঙ্গে শয়িতুং নিরন্তরং তন্নিকটে স্থাতুং শীলং যস্য তস্মৈ। তস্মাৎ ক্ষণমপ্যনপগতায়েত্যর্থঃ। পুনঃ পরিতো বীক্ষ্য সাশ্চর্য্যমাহ। তাদৃশায়াপ্যশেষেষু সমস্তগোপীস্তনোৎসঙ্গেষু শায়িনে তন্নিকটস্থিতায়। নন্বেকস্য কথমেতৎসম্ভবেদিতি বিমৃশন্ ব্রহ্মমোহন-লীলাস্ফূর্ত্ত্যাস্য নৈতদাশ্চর্য্যমিত্যাহ। একং সপাণিকরতলমিত্যাদি দিশা ধেনু-পালিনে একেন স্বরূপেণৈবানন্তগোপালরূপায় অপি লোকপালিনে লোকাঃ অনন্তব্রহ্মাণ্ডানি তত্তদ্রূপাস্য তত্তচ্চতুর্ভুজরূপেণ তত্তৎপালিনে। কিম্বা। অকারো বিষ্ণু অস্য বিষ্ণোর্লোকা বৈকুণ্ঠলোকাস্তৎপালিনে ॥ ৭৬ ॥

শেষনাগের উপর শয়ন করিয়া থাকেন, যিনি ধেনু ও সমস্ত জগতের পালন কর্ত্তা,সেই কোন এক অনির্ব্বচনীয় তেজকে নমস্কার করি ॥ ৭৬ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

তারে বহু বহু নতি করিব কি অহে ॥ যদি কহ এক মত বহু গোপনারী। সবাসনে কেমনে বা রহয়ে বিহারি ॥ শুন কহি ব্রহ্মমোহি যার হেন লীলা। এক দেহে গোপচয় বৎসচয় হৈলা ॥ আর শুন কহি পুনঃ লোকপাল নাম। যে অনন্ত ব্রহ্ম অণ্ড পালে তার ধাম ॥ বৈকুণ্ঠেত বিষ্ণুমত যে বৈকুণ্ঠলোক। সদা পালে সর্ব্বকালে হেন যে মশ্লোক ॥ তার বহু গোপবধূ-সঙ্গে বহু-দেহে। সুবিলাস পরিহাস কি কাজ সন্দেহে ॥ কহিতেই দেখে সেই গোবিন্দের অঙ্গ। গোপী-কুচ-কুঙ্কুমেতে চর্চ্চিত সুরঙ্গ ॥ বেণু বায় অঙ্গ-ছায় নাচে মনোহর। সবিস্ময়ে দেখি কহে পড়ি শ্লোকবর ॥ ৭৬ ॥

ধেনুপালদয়িতাস্তনস্থলীধন্যকুঙ্কুমসনাথকান্তয়ে।

অথ তৎকুচকুঙ্কুম-মনোজ্ঞকান্তিং অপূর্ব্ববেণুং বাদয়ন্তং তং বিলোক্য সবিস্ময়মাহ। অস্মৈ নমো নমঃ। আদরেণ বীপ্সা। কীদৃশে তাসাং স্তনসম্বন্ধিত্বা-দ্ধন্যং যৎ কুচকুঙ্কুমং তেন সনাথা সরলা অত্যুৎফুল্লা কান্তি র্যস্য। সহজকুঙ্কুম-গন্ধবর্ণানাং তাসাং কুচস্থত্বাৎ সৌরভ্যকান্ত্যতিশয়প্রাপ্ত্যা তস্য ধন্যত্বং। বিরহে ম্লানায়াঃ কান্তেশ্চ তদালিঙ্গনাদিপ্রাপ্ত্যানন্দোৎফুল্লত্বাৎ সনাথত্বং। তথা বিধাতৃসৃষ্ট্যতিরিক্তানাং বেণুগীতগতীনাং মূলবেধসে প্রথমস্রষ্ট্রে। তদুক্তং সবনশ ইত্যাদৌ কশ্মলং যযুরিতি। কথমস্য তৎস্রষ্টৃত্বমিতি বিমৃশন্ পূর্ব্ব-

অনন্তর শ্রীরাধার কুচকুঙ্কুমের মনোজ্ঞ কান্তি ও অপূর্ব্ব বেণুবাদনে তৎপর শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া বিস্ময়ের সহিত লীলাশুক কহিতেছেন॥

যাঁহার কান্তি ধেনুপালদয়িতা অর্থাৎ শ্রীরাধার স্তন-স্থলীয় ধন্যতম কঙ্কুমদ্বারা একীকৃত এবং যিনি বেণুগীতের

যদুনন্দনঠাকুরের পদ্য।

সখি হে এই কৃষ্ণে নমস্কার মোরে। গোপীবৃন্দ কুচকুম্ভ কুঙ্কুমাঙ্গ ভোরে॥ তার স্তনে রহি ক্ষণে ধন্য যে কুঙ্কুম। তার নাথ তার গতি তারে লভি দুন॥ সহজেত গোপী যত কুঙ্কুমাঙ্গ কাঁতি। অঙ্গ গন্ধ তারি বন্ধ কুচসঙ্গে স্থিতি॥ তাতে হৈতে কুঙ্কুম সে ধনী যবে আইলা। বিরহান্তে পাইলা কান্তে প্রফুল্লত্ব হৈলা॥ বেণুগান অনুপাম বিধি সৃষ্টিদরে। গান গতি মোহে মতি প্রথম সৃষ্টিরে॥ কহিতেই বিমর্শ ই কৈছে হেন হয়ে। পুনঃ কহে আন নহে এই সত্যময়ে॥ ব্রহ্মরাশি হৈলা হাসি ব্রহ্মা মোহিবারে। চতুর্ভুজে ব্রহ্ম

বেণুগীতগতিমূলবেধসে ব্রহ্মরাশিমহসে নমো নমঃ ॥৭৭॥
মৃদুকণন্নূপুরগন্থরেণ

বস্তুলীলাস্মরণান্নৈতাচ্চিত্রমিত্যাহ। ব্রহ্মরাশীনাং তত্তচ্চতুর্ভুজস্তাবকবিধি সমূহানাং মহঃ প্রকাশো যস্মাৎ তস্য বিধাতৃবিধাতুঃ কিয়দিদমিতি ভাবঃ। যস্য প্রভেত্যাদি তদ্ব্রহ্মেত্যনন্তব্রহ্মসংহিতোক্তানুসারেণ পরাৎ পরং ব্রহ্ম চ তে. বিভূতয় ইতি শ্রীরামানুজীয়সিদ্ধান্তানুসারেণ নিগুর্ণব্রহ্মপুঞ্জং মহঃ কান্তি-পূরো যস্যেতি কেচিৎ ব্যাখ্যান্তি। তত্রৈব শ্রীগীতাসু চ।-ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহ-মিতি। প্রতিষ্ঠা আশ্রয় ইতি ॥ ৭৭ ॥

অথ দূরাত্তৎকেলিং দর্শয়িত্বা বেণুনাদপূর্ব্বকং স্বসমীপমাগচ্ছন্তং তমালোক্য সমাধিবিস্ময়েত্যাদি। বিজয়তাং মম বাঙ্ময়জীবিতমিত্যাদি সাফল্যাৎ

বিধাতাস্বরূপ সেই ব্রহ্মরাশি তুল্য মহঃ অর্থাৎ তেজকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৭৭ ॥

অনন্তর রাসকেলি অবলোকন করাইয়া বেণুবাদ্য করিতে

যদুনন্দনঠাকুরের পদ্য।

পুঞ্জে যাতে স্তব করে॥ বিধাতার বিধিসার কি আশ্চর্য্য হয়ে। তেঁই তথি মোর নতি গোবিন্দের পায়ে॥ অতঃপর হর্ষভর পুন ভরে মনে। রাসকেলি ঘটামেলি আইসে নিজ স্থানে। বেণুগান সহ তান দেখিবার তরে। পূর্ব্বে যাহা বাঞ্ছে তাহা কাছে আসি পুরে॥ দেখে শ্যাম সুখধাম আইসে এই রীতে। লীলাশুক পাইয়া সুখ লাগিলা কহিতে ॥ ৭৭ ॥

সখি! হে, আমার জীবন কৃষ্ণচন্দ্র। রাসকেলি প্রকটিয়া, সর্ব্ব গোপাঙ্গনা লৈয়া, আইসে এই পরম আনন্দ ॥ ধ্রু ॥

মঞ্জু বেণুগীত গান, স্মৃতি করি পুনঃ পুনঃ, সৃষ্টি করি

বালেন পাদাম্বুজপল্লবেন।
অনুস্মরন্মঞ্জুলবেণুগীত-
মায়াতি মে জীবিতমাত্তকেলি ॥ ৭৮ ॥

সহর্ষং তদাগমনং বর্ণয়তি চতুর্ভিঃ। ইদং মে জীবিতং আত্তকেলি যথা স্যাত্তথা আয়াতি। কীদৃশং। মঞ্জুলবেণুগীতমনুস্মরৎ নবনববেণুগীতং স্মারং স্মারং সৃজদিত্যর্থঃ। পাদকোমলত্বাৎ সস্নেহসখেদমাহ। অহো বত পাদাম্বুজ-পল্লবেনায়াতি। কীদৃশা। বালেন কোমলেন। তথা মৃদু ক্বণন্নূপুরং তচ্চ গীত-স্মরণমগ্নচিত্তত্বাৎ মন্থরঞ্চ যত্নেন ॥ ৭৮ ॥

করিতে শ্রীকৃষ্ণ নিকটে আগমন করিতেছেন দেখিয়া লীলা-শুক কহিতেছেন ॥

যিনি মৃদু মৃদু ভাবে শব্দায়মান নূপুরদ্বারা মন্থর এবং যাঁহার পাদপদ্মের পল্লবগুলি অভিনব,তাদৃশ আমার জীবনই যেন মনোহর বেণুনাদকে অনুস্মরণ করত ক্রীড়া করিতে করিতে আগমন করিতেছেন ॥ ৭৮ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

করয়ে গায়ন। নব নব ক্ষণে ক্ষণে, যাতে সৃষ্টি বিরহণে, কি অপূর্ব্ব দেখি মনোরম ॥

মৃদু পাদাম্বুজ-তল, পল্লব হৈতে সুকোমল, হায় তাতে কৈছে চলি আইসে। মোর নেত্র পদ্মোপরি, ওই পাদাম্বুজ ধরি, আশু জানি কোথা লাগে পাশে ॥

তাহাতে নূপুরবর, মৃদু শব্দ মনোহর, মন্থর গমন অনু-মানি। গানাদি স্মরণ হৈতে, চিত্তমগ্ন হৈল তাতে, এই লাগি মন্থর গতি জানি ॥

অতঃপর পূর্ব্ব যত, প্রার্থনা করিলা কত, কবে কৃষ্ণ দেখিব নয়ন। উৎকণ্ঠা সফল হৈলা, কৃষ্ণ দরশন পাইলা, হর্ষে পুনঃ কহে মনোরম ॥ ৭৮ ॥

সোঽয়ং বিলাসমুরলীনিনদামৃতেন
সিঞ্চন্নুদঞ্চিতমিদং মম কর্ণযুগ্মং।
আয়াতি মে নয়নবন্ধুরনন্যবন্ধো-
রানন্দকন্দলিতকেলি কটাক্ষলক্ষ্মীঃ ॥ ৭৯ ॥

আভ্যাং বিলোচনাভ্যামিত্যাদি পূর্ব্বকৃতদর্শনোৎকণ্ঠাসাফল্যাৎ পুনঃ সহর্ষমাহ। সোঽয়ং মে নয়নবন্ধুরায়াতি কীদৃশো মে অনন্যবন্ধো র্নাস্ত্যন্যো বন্ধুর্যস্য। কীদৃশয়ং। আনন্দেন কন্দলিতঃ প্রফুল্লিতো যঃ কেলিকটাক্ষ স্তস্য লক্ষ্মীঃ শোভা যস্মিন্। তথা মম কর্ণযুগ্মং বিলাসমুরলীনিনাদামৃতেন সিঞ্চন্। কীদৃশং তৎ উদঞ্চিতং তচ্ছ্রোতুমুন্মুখং ॥ ৭৯ ॥

"দুই নেত্রদ্বারা কবে দর্শন করিব" এইরূপ যে পূর্ব্বে আকাঙ্ক্ষা করিয়াছিলেন, সেই দর্শনোৎকণ্ঠার সাফল্য হওয়ায় লীলাশুক পুনর্ব্বার সহর্ষে কহিতেছেন ॥

যাঁহার কটাক্ষলক্ষ্মী আনন্দবশতঃ কন্দলিত, সেই নয়নবন্ধু শ্রীকৃষ্ণ মাদৃশ বন্ধুহীনজনের উন্নত কর্ণযুগলকে বিলাসস্বলিত মুরলীর নাদামৃতে অভিষিক্ত করিয়াই যেন আগমন করিতেছেন ॥ ৭৯ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

সখি হে সেই কৃষ্ণ আইসে বিদ্যমান। আমার নয়ন বন্ধু, যা বিনু না অন্য বন্ধু, তেঁহো আইল সুমোহন ঠাম ॥ ধ্রু ॥

আনন্দে প্রফুল্ল অতি, সুকেলি কটাক্ষ ততি, তার শোভা যার বিলক্ষণ। ওই শোভা দেখিবারে, মোরে দিঠি আশা ধরে যে লাগি তাপিত অনুক্ষণ ॥

তৈছে বংশী গানামৃত, অমৃত হৈতে পরামৃত, সিঞ্চে মোর এই কর্ণদ্বয়ে। যে ধ্বনি শ্রবণ লাগি, সদা কর্ণ অনুরাগী,

দূরাদ্বিলোকয়তি বারণকেলিগামী
ধারাকটাক্ষভরিতেন বিলোকিতেন।

অথ, আলোকয়েদদ্ভুতবিভ্রমাভ্যামিত্যাদি শ্লোকংকণ্ঠাসাফল্যাৎ সানন্দমাহ। সোঽয়ং দেবঃ দূরাদেব বিলোকিতেন বিলোকয়তি। মামিতি শেষঃ। রাধাং বা। কীদৃশা। ধারাপ্রবাহরূপা যে কটাক্ষাস্তৈ র্ভারিতেন পূর্ণেন। স কীদৃক্। বারণবৎ কেলিগামী। তথা আরাৎ নিকটে উপৈতি। কীদৃক্। হৃদয়ঙ্গমা যে বেণোর্নাদা স্তেষাং যা বেণী পরম্পরা তদযুক্তং যন্মুখং তেন উপ-

অনন্তর আমি অদ্ভুত বিভ্রমশালি লোচনদ্বয়দ্বারা কবে শ্রীকৃষ্ণকে দর্শন করিব, এইরূপ পূর্ব্বিকার নিজ-উৎকণ্ঠার সাফল্যহেতু লীলাশুক আনন্দের সহিত কহিতেছেন॥

হস্তির ন্যায় সবিলাস গমনশালী শ্রীকৃষ্ণ কটাক্ষ ধারাপূর্ণ দৃষ্টিদ্বারা আমাকে অবলোকন করিতে করিতে বেণুনাদ ও

যদুনন্দনঠাকুরের পদ্য।

দেখ তার লালসা পুরয়ে॥

এত কহি পুনঃ দেহে, পুরব উৎকণ্ঠা যাহে, দরশে বিভ্রম লাগে আঁখি। তাহার সাফল্য হৈল, মনে এই অনুমিল, তাতে শ্লোক পড়ে হর্ষ মাখি॥ ৭৯॥

সখি! হে, লীলাপর সেই কৃষ্ণচন্দ্র। দূরে হৈতে নিজ-দিঠি, দেখে রাধা অতিমিঠি, দেখ সখি! নয়ন-আনন্দ॥ ধ্রু॥

কটাক্ষ প্রবাহরূপা, ধারাপূর্ণ সুধা কূপা, রাধা প্রতি ক্ষেপে অনুক্ষণ। যাহা দেখিবার তরে, উৎকণ্ঠাতে আঁখি মরে তাহা দিয়া রাখিল জীবন॥

মদমত্ত গজজিতি, মন্থর মন্থর গতি, নিকটে আসিয়া উপ-স্থিত। অমৃতপ্রবাহ হেন, বেণুনাদ মনোরম, সেহ যেন

আরাদুপৈতি হৃদয়ঙ্গমবেণুনাদ-

বেণীমুখেন দশনাংশুভরেণ দেবঃ ॥ ৮০ ॥

ত্রিভুবনসরসাভ্যাং দিব্যলীলাকুলাভ্যাং

লক্ষিতঃ। কীদৃশা সহজস্মিতেন প্রসৃমরা যে দশনাংশবস্তেষাং ভরো যস্মিন্ তেন। যদ্বা। দশনাংশুভরেণোপলক্ষিতঃ। কীদৃশা। তাদৃশবেণুনাদ-কল্লোলযুক্তবেণীকৃতং তন্মুখং যেন। তত্র দন্তকটাক্ষাধর-কান্তিধারা গঙ্গাযমুনা-সরস্বত্যো জ্ঞেয়াঃ ॥ ৮০ ॥

কিমপি বহতু চেতঃ কৃষ্ণপাদাম্বুজাভ্যামিত্যাহুৎকণ্ঠাসাফল্যাৎ সোল্লাস-

---

দন্তাংশুপূর্ণ বেণী অর্থাৎ গঙ্গা যমুনা ও সরস্বতী এই ত্রিবেণী-যুক্ত বদন ধারণ করত আমার হৃদয় মধ্যেই যেন প্রবেশ করিতেছেন ॥ ৮০ ॥

অনন্তর উৎকণ্ঠার সাফল্যহেতু উল্লাসের সহিত লীলা-শুক কহিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

ত্রিবেণীর রীত ॥

বেণুনাদ নিজহিয়ে, সহজেই মন্দস্মিতে, দর্শন কিরণযুক্ত কিবা। বেণুধ্বনি সুকল্লোলে, যুক্ত হৈয়া ধারবলে, ত্রিবেণীর মুখে ধরে কিবা ॥

দন্তকান্তি মন্দাকিনী, কটাক্ষ যমুনা মানি, বিম্বাধর কান্তি সরস্বতী। এই ত্রিবেণীর ধারা, মুখে বহে শ্রোত-পারা, স্নিগ্ধ কৈল মোর নেত্র অতি ॥

কহিতেই কৃষ্ণপদে, নেত্রপড়ে অতিসাধে, পূর্ব্বের প্রার্থনা-গণ যত। সাফল্য হইল জানি, নিজভাগ্যে শ্লাঘ্যমানি, কহে শ্লোক মহামৃত মত ॥ ৮০ ॥

এই না আইসে শ্রীগোবিন্দ। অদ্ভুত চরণদ্বয়, ত্রিভুবনা-

দিশি দিশি তরলাভ্যাং দীপ্তভূষাদরাভ্যাং।
অশরণ-শরণাভ্যামদ্ভুতাভ্যাং পদাভ্যা-

মাহ। অয়ময়ং দেবঃ পদাভ্যামায়াতি। কীদৃগ্ভ্যাং অদ্ভুতাভ্যাং। তদেব ব্যনক্তি। ত্রিভুবনং সরসমানন্দিতং শৃঙ্গাররসসংকুলং বা যাভ্যাং তাভ্যাং দিব্যা যা লীলা মত্তেভগতিনিন্দিবিলাসাস্তৈরাকুলাভ্যাং তৎপ্রচুরাভ্যাং তথা নৃত্য-গত্যা দিশি দিশি তরলাভ্যাং। দৃশি দৃশি সরসাভ্যামিতি পাঠে দর্শনে দর্শনে নূতনাভ্যাং। দীপ্তা প্রজ্বলিতা যা নূপুরাদিভূষাস্তাভিরাদরো বা যয়োঃ। অশর-ণানাং ত্যক্তগৃহাণামাসাং গোপীনাং শরণাভ্যামাশ্রয়াভ্যাং। অয়ং কীদৃক্।

যাহা ত্রিভুবনের আনন্দস্বরূপ অথবা শৃঙ্গাররস সঙ্কুল, যাহা দিব্য লীলায় সমাকুল, যাহা ইতস্ততঃ প্রত্যেক দিকে চঞ্চল, যাহা নূপুরাদি অলঙ্কারে সমাদৃত এবং যাহা অশরণ

যত্নন্দনঠাকুরের পদ্য।

নন্দময়, তাতে চলি আইসে মন্দ মন্দ ॥ ধ্রু ॥

কিম্বা যাতে সশৃঙ্গার, রসসংক্ষালিত সার, সে দুই চরণ আইসে চলি। দিব্য যেই লীলা অতি, মত্তেভ-নিন্দিত গতি, তাতে পূর্ণ যে পদ সুবলি ॥

দেখ নৃত্যগতি যাতে, দিক্ দিক্ চাপল্য তাতে, কিম্বা দৃশে দৃশে নব নব। উজ্জ্বল চরণদ্বয়, ভূষণ নূপুরাদয়, সে ভূষার আদরানুভব ॥

ত্যক্তগৃহা গোপীগণ, তাহার আশ্রয়স্থান, সেই পদ চলি আইসে পথে। এই হেন পদদ্বন্দ্বে, কৈছে চলে এই স্কন্ধে, হিয়াপদ্ম দেই ওতলাতে ॥

নূপুরের ধ্বনি আর, নৃত্যগতি পদ তার, অনুসারে বেণু-গান যার। কিম্বা নিরন্তর গান, বেণু অতি অনুপাম, তেঁহো

ময়ময়মনুকূজদ্বেণুরায়াতি দেবঃ ॥ ৮১ ॥
সোঽয়ং মুনীন্দ্রজনমানসতাপহারী
সোঽয়ং মদব্রজবধূবসনাপহারী।

অনুকূজদ্বেণুনূপুরধ্বনিঃ পাদতালঞ্চানু তদনুসারেণ কূজন্ বেণু র্যস্য। অনু-নিরন্তরং বা ॥ ৮১ ॥

সাক্ষাত্তদ্দর্শনপ্রাপ্ত্যা পরমানন্দমগ্নঃ সাশ্চর্য্যমাহ। মুনীন্দ্রাশ্চ তে জনা ভক্তাশ্চ তেষাং নারদাদীনামপি মানসতাপমেব সদা ধ্যানে স্ফূর্ত্ত্যা হর্ত্তুং শীলং যস্য সোঽয়ং। তাদৃশোঽপি মদযুক্তা গর্ব্বেণ ভংসয়ন্ত্যো যা ব্রজবধ্বস্তাসাং বসনাপহারী যঃ সোঽয়ং। তথা তৃতীয়ভুবনেশ্বরস্য গিরিধৃতা স্বর্গেশস্য দর্পহারী যঃ

গোপীজনসমূহের শরণ অর্থাৎ আশ্রয়, সেই চরণযুগলদ্বারা এই দেব শ্রীকৃষ্ণ আগমন করিতেছেন ॥ ৮১ ॥

অনন্তর শ্রীকৃষ্ণের সাক্ষাদ্দর্শন প্রাপ্ত হইয়া লীলাশুক পরমানন্দে নিমগ্ন হওত আশ্চর্য্যের সহিত কহিতেছেন ॥

সখি! সেই এই মুনীন্দ্রগণের মানসিক তাপহারী, সেই

যদুনন্দনঠাকুরের পদ্য।

আইসে আগে ত আমার ॥

তবে ত সাক্ষাৎ তার, দর্শনি-আনন্দ-সার,সে আনন্দে মগ্ন মন হই। কহে লীলাশুক বাণী, কৃষ্ণকর্ণ রসায়নী, শুন সবে চিত্ত মন দেই ॥ ৮১ ॥

সখি! হে, সেই কৃষ্ণ দেখি বিদ্যমান। মুনীন্দ্র আর ভক্ত-জন, নারদাদ্যের যেই মন, তাপ হরে করিলে ধিয়ান ॥ ধ্রু ॥

মদযুক্তা গোপনারী, যারে ভংসে গর্ব্ব করি, তা সবার বাস যেই হরে। সেই কৃষ্ণ আইলা এই, যাতে চিত্ত সুখ দেই, বিদ্যমানে দেখহ তাহারে ॥

স্বর্গেশ্বর ইন্দ্রগর্ব্ব, গিরিধরি কৈঁলা খর্ব্ব, সেই এই আইলা সাক্ষাৎ। গোপী হৃদ্ পদ্মহারী, আমার চিত্তম্বুজ-হারী, সেই এই আশ্চর্য্য এ বাত ॥

সোঽয়ং তৃতীয়ভুবনেশ্বরদর্পহারী
সোঽয়ং মদীয়হৃদয়াম্বুরুহাপহারী ॥ ৮২ ॥
সর্ব্বজ্ঞত্বে চ মৌগ্ধ্যে চ সার্ব্বভৌমমিদং মহঃ।

সোঽয়ং। তাদৃশোঽপি মদীয়ানামাসাং মমৈব বা হৃদয়াম্বুরুহাপহারী যঃ সোঽয়মিত্যাশ্চর্য্যং ॥ ৮২ ॥

পূর্ব্বং যথা যথা স্বপ্রার্থিতং তথা বিধত্তে নাবির্ভাবাৎ রাসে তাসাং হৃদয়েচ্ছাপূরকত্বাচ্চ সর্ব্বজ্ঞতায়াঃ লীলাবিশিষ্টত্বেন সহজপরমৈশ্বর্য্যাদেরননুসন্ধানাৎ মুগ্ধতায়াশ্চানুভবানন্দবিস্ময়োৎফুল্লঃ সন্নাহ। পূর্ব্ববদিদং মহঃ নয়নং নির্বিশৎ।

এই ব্রজবধূদিগের বসনাপহারী, সেই এই ত্রিভুবনেশ্বর ইন্দ্রের দর্পহারী এবং সেই এই আমার হৃদয়পদ্মের অপহরণ কারী শ্রীকৃষ্ণ ॥ ৮২ ॥

অনন্তর পূর্ব্বে যেমন ২ আপনার প্রার্থিত ছিল তদ্রূপে আবির্ভাব, তথা রাসে গোপীদিগের হৃদয়েচ্ছা পূরক এবং সর্ব্বজ্ঞতার লীলায় আবিষ্টত্ব, স্বাভাবিক পারমৈশ্বর্য্যাদির

যদুনন্দনঠাকুরের পদ্য।

অথ পূর্ব্বে যাহা, নিজ প্রার্থ্য তাহা, কৃষ্ণচন্দ্র কৈল সে বিধান। আর দেখি রাস মাঝে, ব্রজাঙ্গনা চিত্ত মাঝে, যাহা বাঞ্ছে তাহা কৈল দান ॥

সর্ব্বজ্ঞতা লীলাবেশ. সহজ যে পরমেশ, অনন্য সন্ধানে হৈতে যত। মুগ্ধতা দর্শন হৈতে, আনন্দ বিস্ময় চিত্তে,প্রফুল্লে প্রকাশ কহে বাত ॥ ৮২ ॥

সখি! হে, কৃষ্ণ অঙ্গ কান্তি। মোর আঁখি মাঝে দেখি প্রবেশয়ে অতি॥ আঁখি পথে যাঞা চিত্ত পরম আনন্দ। ব্যাপ্ত হয়ে সবিস্ময়ে স্তব্ধ করে অঙ্গ॥ আশ্চর্য্য না সর্ব্বজনা শ্রেষ্ঠ

JORASUNKO LIBRARY
NO.
CALCUTTA

নির্ব্বিশন্নয়নং হন্ত নির্ব্বাণপদমশ্নুতে ॥ ৮৩ ॥
পুষ্ণানমেতৎ পুনরুক্তশোভা-
মুষ্ণেতরাংশোরুদয়ান্মুখেন্দোঃ।

তদ্দারা প্রবিশ্য নির্ব্বাণং পরমানন্দস্তৎপদং হৃদয়মশ্নুতে ব্যাপ্নোতি। বিস্ময়েন স্তব্ধং করোতি। হন্ত ইত্যাশ্চর্য্যে। কীদৃশং। সর্ব্বজ্ঞত্বে মৌগ্ধে চ সার্ব্বভৌমমতি-শ্রেষ্ঠমিত্যর্থঃ ॥ ৮৩ ॥

পুনস্তৎ-শ্রীমুখশোভায়াঃ স্বতৃষ্ণায়াশ্চ ক্ষণে ক্ষণে বর্দ্ধিষ্ণুত্বমনুভূয় সবিস্ময়-মাহ। এতৎ কিঞ্চনানির্ব্বচনীয়ং কৃষ্ণাহ্বয়ং মম জীবিতং মুখেন্দোরুদয়াৎ মে তৃষ্ণাম্বুরাশিং দ্বিগুণীকরোতি। কীদৃশং। উষ্ণেতরাংশো হিমাংশো স্তদ্-

অননুসন্ধান এবং মুগ্ধতার অনুভব হেতু আনন্দ বিস্ময়ে প্রফুল্ল হইয়া লীলাশুক কহিতেছেন ॥

আহা! যাহা সর্ব্বজ্ঞত্ব ও মুগ্ধত্ব অর্থাৎ সৌন্দর্য্য বিষয়ে যাহা সার্ব্বভৌম অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ সেই এই মহঃ (তেজঃ) আমার নয়ন মধ্যে প্রবেশ করিয়া নির্ব্বাণপদবী লাভ করি-তেছে ॥ ৮৩ ॥

পুনর্ব্বার শ্রীকৃষ্ণের মুখশোভা এবং নিজতৃষ্ণার ক্ষণে ক্ষণে বর্দ্ধিষ্ণুত্ব অনুভব করিয়া বিস্ময়ের সহিত কহিলেন,

যদুনন্দনঠাকুরের পদ্য।

মহাশয়। রূপ পুঞ্জ মনোরঞ্জ তৈছে শ্রেষ্ঠ হয় ॥ কহি পুনঃ দেখে ভ্রম কৃষ্ণমুখ শোভা। নিজ তৃষ্ণা বাঢ়ে সদা হয় মনো-লোভা ॥ তাতে অতি বিস্ময়তি মন হৈল তার। শ্লোক পড়ি হর্ষভরি কহে পুনর্ব্বার ॥ ৮৩ ॥

এই অনির্ব্বাচ্য কৃষ্ণ নাম। মোর প্রাণ রূপধাম দেখি বিদ্যমান ॥ মুখচন্দ্র চন্দ্রছটা উদয় হইতে। মোর তৃষ্ণা

CALCUTTA

তৃষ্ণাম্বুরাশিং দ্বিগুণীকরোতি
কৃষ্ণাহ্বয়ং কিঞ্চন জীবিতং মে ॥ ৮৪ ॥
তদেতদাতাম্রবিলোচনশ্রীঃ

দয়াদেব পুনরুক্তা ব্যর্থীকৃতা যা শোভা তাং পুঞ্চানং। স্বশ্রীমুখকান্ত্যা ইন্দোঃ শোভাং ব্যর্থীকৃত্য পুনস্তৈরেবোচ্ছলিতাং কুর্ব্বাণমিত্যর্থঃ। কিম্বা। শ্রীব্রজদেবীনাং তদ্দর্শনোচ্ছলিতাং শোভাং দৃষ্ট্বাহ এতাসাং তদদর্শনাৎ পুনরুক্তাং ব্যর্থীকৃতাং ম্লানাং শোভাং পুঞ্চানং স্থূলীকুর্ব্বং। মুখেন্দোঃ কীদৃশঃ উষ্ণেতরাংশোরতিশীতস্য ॥ ৮৪ ॥

স্বস্য ভাববিশেষাশ্রয়ত্বাৎ পুনস্তত্র জাততৃষ্ণঃ সলালসমাহ। তদ্বীক্ষিষ্যে

শ্রীকৃষ্ণ-নামক আমার কোন এক জীবন অর্থাৎ আমার একমাত্র জীবনস্বরূপ শ্রীকৃষ্ণ মদীয় পুনরুক্ত শোভাকে এবং আমার মুখেন্দুর উদয়সমূহকে পোষণ করিতেছেন, তথা আমার তৃষ্ণারূপ অম্বুরাশি কে (সমুদ্র) দ্বিগুণ করিতেছেন ॥ ৮৪ ॥

আপনার ভাববিশেষের আশ্রয়হেতু পুনর্ব্বার তাহাতে জাততৃষ্ণ হইয়া লালসার সহিত কহিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

সিন্ধুদৃশা কৈল বিগুণীতে ॥ চন্দ্রোদয় শোভাচয় ব্যর্থ কৈল যাতে। পুনর্ব্বার শোভা তার উছলয়ে তাতে ॥ কিম্বা ব্রজনারী তার অদর্শনে ম্লানী। কৃপা করি শোভা ভরি পূর্ণ কৈলা পুনি ॥ অতিশীত মুখরীত তাপ করে নাশ। মোর হিয়া মুখদিয়া কৈলা পরকাশ ॥ পুন নিজভাব ব্রজ বিশেষ আশ্রয়। হৈতে হৈল তৃষ্ণাকুল লালসাতে কয় ॥ ৮৪ ॥

সখি! হে, মুরারীর মুখাজ সুন্দর। মোর মন পুনঃ পুনঃ

সম্ভাবিতাশেষবিনম্রগর্ব্বং।
মুহুর্ম্মুরারে র্মধুরাধরৌষ্ঠং
মুখাম্বুজং চুম্বতি মানসং মে ॥ ৮৫ ॥

বত বদনাম্বুজমিত্যাদৌ পূর্ব্বপ্রার্থিতমেতন্মুরারে র্মুখাম্বুজং মে মানসং মুহুশ্চুম্বতি নেত্রভৃঙ্গদ্বারা নিপীয় আস্বাদয়তি নিজভাবানুসারেণ বিশেষয়তি। কীদৃশং। মধুরৌ অধরোষ্ঠৌ যত্র তথা আতাম্রয়োরীষদরুণয়ো র্বিলোচনয়ো র্যা শ্রীঃ শোভা কৃপাকটাক্ষাদিসম্পৎ তয়া সম্ভাবিতো বর্দ্ধিতঃ অশেষবিনম্রাণাং ভক্তানামনুকূলানামাসাঞ্চ সৌভাগ্যগর্ব্বো যেন ॥ ৮৫ ॥

আহা! যাহাতে মধুরতর অধরৌষ্ঠ বিদ্যমান, তথা অরুণবর্ণ লোচনদ্বয়ের যে শোভা অর্থাৎ কৃপাকটাক্ষাদি সম্পত্তি তদ্দ্বারা অশেষ বিনম্র অর্থাৎ ভক্তগণ এবং আমাদের সৌভাগ্যগর্ব্ববর্দ্ধিত হইতেছে, মুরারির সেই মুখাম্বুজ আমার মানস চুম্বন অর্থাৎ নেত্রভৃঙ্গদ্বারা পান করিয়া আস্বাদন করিতেছেন ॥ ৮৫ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

চুম্বে নিরন্তর ॥ নেত্র পথদিয়া চিত্ত করে আস্বাদন। নিজ নিজ ভাব জীববিশেষ লক্ষণ ॥ সুমধুর ওষ্ঠাধর যাতে বিরাজয়। আ অরুণ দ্বিলোচন তাতে শোভাময় ॥ কটাক্ষ্যাদি কৃপানিধি সম্পদ্ যাহাতে। নেত্রদ্বয় সুখময় প্রকাশয়ে তাতে। যত ভক্ত অনুরক্ত আর ব্রজনারী। সুসৌভাগ্য গর্ব্বযোগ বাড়ায় যা হেরি ॥ সেই সেই অন্ত নাই মাধুর্য্যাব্ধিগণ। তাতে মুগ্ধ চিত্তে লুব্ধ নাহিক চেতন ॥ প্রেমানন্দে অনুবন্ধে সকল পাসরি। কৃষ্ণদর্শে রাধা পার্শ্বে নিজ স্ফূর্ত্তি সারি ॥ রাধাপ্রতি কহে অতি আনন্দ আচরি। কৃষ্ণঅঙ্গ পুণ্যগন্ধ উপমা না হেরি ॥ ৮৫ ॥

করৌ শরদিজাম্বুজক্রমবিলাসশিক্ষাগুরূ
পদৌ বিবুধপাদপপ্রথমপল্লবোল্লঙ্ঘিনৌ।

তত্তদনন্তমাধুর্য্যাব্ধিমগ্নঃ প্রেমানন্দবৈহ্বল্যাৎ সর্ব্বং বিস্মৃত্য পূর্ব্ববত্তমন্বিষ্য প্রাপ্ততদ্দর্শনায়াঃ শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাঃ পার্শ্বস্থাত্মস্ফূর্ত্ত্যা তাং প্রতি। বাহেতু স্বসঙ্গিনং কিঞ্চিৎ স্বমিত্রং প্রতি। লীলাস্বয়ম্বররসং লভতে জয়শ্রীরিতিবৎ স্বান্তোদ্গতং তদঙ্গানামুপমানজেতৃত্বমাহ। অহো আশ্চর্য্যে। ইদং পুরোদৃশ্যমানং মহঃ পূর্ব্ববৎ কান্তিপুঞ্জং বিলোকয়। কীদৃশং। বিলোচনয়োরমৃতং। তদ্বত্তৎ-সন্তর্পকং। ক্ষণং নির্বর্ণ্য সবিস্ময়মাহ। ইদং শৈশবং কৈশোরমিত্যর্থঃ। স্বার্থেহণ্। যতোঽস্য করৌ কীদৃশৌ। তৌ শরদিজাম্বুজানাং ক্রমেণ পরি-পাট্যা যে বিলাসা স্তেষাং শিক্ষাগুরূ। তথাস্য পদৌ কীদৃশৌ। বিবুধপাদ-পানাং কল্পবৃক্ষাণাং প্রথমপল্লবান্ তত্তদ্গুণৈরুল্লঙ্ঘয়িতুং শীলং যয়োস্তাদৃশৌ।

অনন্তর সেই সেই আনন্দ মাধুর্য্যাদিতে নিমগ্ন তথা প্রেমানন্দে বিহ্বল হওয়ায় বিস্মৃত হইয়া পুনর্ব্বার তাঁহাকে অন্বেষণ করিয়া তাঁহার দর্শন প্রাপ্ত হইলে শ্রীরাধা পার্শ্বস্থ আত্মস্ফূর্ত্তিদ্বারা তাঁহার প্রতি বাহ্যে স্বীয়সঙ্গিকে কথঞ্চিৎ আপনার মিত্রের প্রতি কহিতে লাগিলেন॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

দেখ সখি! আশ্চর্য্য গোবিন্দ। কান্তিপুঞ্জ মনোরঞ্জ নেত্রামৃত বন্ধ॥ কিশোরাঙ্গ নৃত্যরঙ্গ মনোহর ভাঁতি। নীলমণি কান্তি জিনি অঙ্গ শোভা অতি॥ শরতের পদ্ম বর ক্রম সুবি-লাস। শিক্ষাগুরু হস্তধরু সর্ব্ব মনোল্লাস॥ কল্পশাখী মনমাখি প্রথম পল্লব। পদদ্বয়ে তা লঙ্ঘয়ে কিবা অনুভব॥ ত্রিভুবনে উপমানে শোভয়ে দুর্ম্মদ। দ্বিনয়নে তাঁরে জিনে শ্রীমুখ সম্পদ॥ পুনর্ব্বার বাহ্য আর অন্তর্দ্দশা নাশি। কাম লোভ

দৃশৌ দলিতদুর্ম্মদত্রিভুবনোপমানাশ্রয়ৌ
বিলোকয় বিলোচনামৃতমহো মহঃ শৈশবং ॥ ৮৬ ॥
আচিন্বানমহন্যহন্যহনি সাকারান্ বিহারক্রমা-
নারুন্ধানমরুন্ধতীহৃদয়মপ্যার্দ্রস্মিতার্দ্রশ্রিয়া ।

তথাস্য দৃশৌ কীদৃশৌ। দলিতানি দুর্মদানি ত্রিভুবনে যানি পদ্মাদীনি উপমানানি যেষাং তেষাং শ্রীর্যাভ্যাং তাদৃশৌ ॥ ৮৬ ॥

পুনর্দশাদ্বয়সম্বলিতঃ স্মরলালসোৎপাদকতন্মাধুর্য্যদর্শনানন্দমগ্নস্তদেবা-

---

আহা ! যাঁহার হস্তদ্বয় শরৎকাল জাতপদ্মের যথা ক্রমে বিলাসবিষয়ের শিক্ষাগুরু, চরণদ্বয় বিবুধ পাদপ অর্থাৎ কল্প-বৃক্ষ সকলের নবপল্লবের রক্তিমাকে উল্লঙ্ঘন করিয়াছে, এবং যাহার নেত্রযুগল ত্রিভুবনের যাবতীয় পদ্মাদি উপমান আছে তৎসমুদায়ের দুষ্ট অহঙ্কারকে বিদলিত করিয়া স্বীয় শোভা বিস্তার করিতেছে, শ্রীকৃষ্ণের সম্মুখে এই দৃশ্যমান মহঃ অর্থাৎ কান্তিপুঞ্জ যাহা লোচনদ্বয়ের অমৃততুল্য তৃপ্তিজনক সেই শৈশবকে অবলোকন কর ॥ ৮৬ ॥

পুনর্ব্বার বাহ্যদশা ও অন্তর্দ্দশা সম্বলিত ও কন্দর্প লালসার উৎপাদক শ্রীকৃষ্ণমাধুর্য্য দর্শন জনিত আনন্দে নিমগ্ন হইয়া শ্রীকৃষ্ণকে কন্দর্পজ্ঞানে কহিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য ।

উপাদক কৃষ্ণ শোভারাশি ॥ দরশন মুখঘন মগন মানসে ।
সে আনন্দে কহে ছন্দে আনন্দ প্রকাশে ॥ ৮৬ ॥

সখি হে সম্যক্ প্রকারে কৃষ্ণচন্দ্র । ক্ষণে ক্ষণে নবীনতা প্রায় যেই মোহনতা, প্রকাশয়ে পরম আনন্দ ॥ ধ্রু ॥

যত ব্রজ নারীগণ, স্তনতটী মনোরম, তাহার সুখদ স্থান

আতন্বানমনন্যজন্মনয়নশ্লাঘ্যামনঘ্যাং দশা-

নন্দং মত্বাহ আচিন্বানমিতি। তদেতন্মহ আনন্দং আ সম্যক্ আনন্দো যস্মাৎ তদানন্দং তদ্রূপং সৎ উজ্জৃম্ভতে। ক্ষণে ক্ষণে নবনবত্বেন প্রকাশতে। পরিতঃ পশ্যন্ রাধাপয়োধরোৎসঙ্গশায়িনে শেষশায়িনে ইতিবৎ তং দৃষ্ট্বাহ। ব্রজ-সুন্দরীণাং স্তনতট্যা এব সাম্রাজ্যং সুখদস্থানং যস্য তাসাং। যদ্বা। তাসু সাম্রাজ্যং যস্যেতি বা। তত্রৈব তাদৃশত্বেন স্ফুলভমিত্যর্থঃ। অতঃ কামপ্যনুপমাং দশাং কোটিমন্মথমোহিনীং আতন্বানং প্রকটয়ন্তং। মাধুর্য্যস্যানন্ত্যান্নেত্রাভ্যা-মনুভবিতুমসমর্থঃ। কোটিনয়নং প্রার্থয়ন্ স্বপুংস্বাৎ। তত্রাপ্যযোগ্যতা-মননাৎ সামান্যস্ত্রীত্বং প্রার্থয়ন্ তত্রাপ্যযোগ্যতা বিচার্য্য সদৈন্যমাহ। কীদৃশীং

ব্রজসুন্দরীগণের স্তনতটের সাম্রাজ্য অর্থাৎ সর্ব্বাধিষ্ঠাত্রী-রূপা লক্ষ্মী প্রতিদিন স্বীয় বিহার ক্রম বিস্তার পূর্ব্বক অরুন্ধ-তীর হৃদয়কেও আর্দ্রীভূত মধুর হাস্যের আর্দ্র শোভাদ্বারা

যদুনন্দনঠাকুরের পদ্য।

যে। কিম্বা কুচতটগণ, কৃষ্ণের সুখদ স্থান, তাহাতে সুলভ হয় সে॥

এইত কারণে কহি, কোন অনুপদশা নহি, কোটি কাম মোহয়ে তাহাতে। প্রকট করয়ে যাহা, দেখ সখি তাহা তাহা কিবা সুখ না বাড়য়ে চিত্তে॥

অনন্ত মাধুর্য্য দেখি, সবে মোর দুটি আঁখি, তাতে কিবা দেখিব গোবিন্দ। কোটি নেত্র হয় যবে, কৃষ্ণ অঙ্গ দেখি তবে দুই নেত্রদিল বিধি মন্দ॥

বাহ্যদশা বাসি মনে, আপনে পুরুষ মানে, তাহাতে কহয়ে আর বার। পুরুষের দৃশ্য নহে, অনন্ত মাধুর্য্যচয়ে, সামান্যা স্ত্রী বাঞ্ছা হয় তার॥

মানন্দং ব্রজসুন্দরীস্তনতটীসাম্রাজ্যমুজ্জৃম্ভতে ॥ ৮৭ ॥

তাং অন্যজন্মানি ব্রজসুন্দরীব্যতিরিক্তানি যানি জন্মানি তেষু যানি নয়নানি তৈঃ শ্লাঘিতুমপ্যশক্যাং কিমুতানুভবিতুং। আভি র্ব্রজদেবীভিরেবানুভাব্যা-মিত্যর্থঃ। বিলাসসৌষ্ঠবং দৃষ্ট্বাহ অহন্যহন্যহনি প্রতিদিনং প্রতিক্ষণং প্রতি নিমেষং সাকারান্ মূর্ত্তিমতঃ বিহারক্রমান্ তৎপরিপাটীরাচিন্বানং সৃজন্তং। এবং চেত্তর্হি তদন্যোজনস্তদাশাং ত্যক্ত্বা সুখং তিষ্ঠতু অত্র গোপালস্তমাহ আরুন্ধেতি। সহজাদ্রস্থ স্মিতস্য যা আর্দ্রা শ্রীঃ শোভা তয়ৈবারুন্ধত্যা অপি হৃদয়মারুন্ধানাং আত্মন্যারুন্ধ্য স্থাপয়েৎ। সুন্দরং পুরুষং দৃষ্ট্বা পুরুষা অপি তং শ্লাঘন্তে তস্যা স্তৎশ্লাঘাপি নাস্তি অস্যা অপীতি কথমন্যো জনঃ সুখং তিষ্ঠেদিত্যর্থঃ ॥ ৮৭ ॥

অবরোধ করত এবং যাহা কোন জন্মেও সুলভ নহে তাদৃশী অমূল্য দশা ও আনন্দকে বর্দ্ধন করত নিয়তই বৃদ্ধিলাভ করি-তেছে ॥ ৮৭ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

সামান্য নারীও হৈলে, ও মাধুর্য্য নাহি মিলে, এরূপ বিচার করি মনে। কহয়ে সদৈন্য করি, বিনা যত ব্রজনারী, না দেখয়ে যে অন্য নয়নে ॥

ব্রজনারী আঁখিগণ, শ্লাঘা পাঞা অনুক্ষণ, দর্শন করয়ে যে মাধুরী। কহিতেই পুনঃ সেই, বিলাসে সৌষ্ঠব যেই, দেখিয়া কহয়ে বলিহারি ॥

প্রতিদিনে প্রতিক্ষণে, প্রত্যেক নিমিষগণে, মূর্ত্তিমন্ত বিহারের ক্রম। পরিপাটি মনোহর, জগতের তাপহর, নির-ন্তর করয়ে সৃজন ॥

তবে যদি বোল হেন, তবে কেন অন্য জন, লোভ করে

তদুচ্ছ্বসিতযৌবনং তরলশৈশবালঙ্কৃতং
মদচ্ছুরিতলোচনং মদনমুগ্ধহাসামৃতং।

পুন র্লালসয়া সহর্ষমাহ তদিদং মামকং জীবিতং জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। সর্ব্বোৎকর্ষতামেবাহ বিশেষণৈঃ। ন কেবলমরুন্ধত্যা অপিতু জগত্রয়ে মনোহরং। উচ্ছ্বসিতং যৌবনং তৎপূর্ব্বাবস্থা যস্মিন্। তথা তরলং গত্বরং কিঞ্চিদবশিষ্টং শৈশবং যৎ তেনালঙ্কৃতং। বিশেষণাভ্যাং কিশোর

পুনর্ব্বার অন্তর্ল্লালসায় সহর্ষে কহিতেছেন। যাঁহার যৌবন উচ্ছলিত, যাহা তরল (চঞ্চল) শৈশবে অলঙ্কৃত অর্থাৎ যিনি কিশোর, যাঁহার কন্দর্পমদে লোচন উচ্ছলিত,

যদুনন্দনঠাকুরের পদ্য।

তাহা দেখিবারে। সে তৃষ্ণা ছাড়িয়া রহু, মাধুর্য্য মাহাত্ম্য বহু তবে শুন কহি যে তোমারে॥

উপালম্ভ মতে কহে, ঐছে তার স্মিত নহে, পরম কোমল শোভাময়। অরুন্ধতী আদি সতী, হৃদয়ে অবাদ্ধ অতি, তবু-রাখে আপনা আলয়॥

কহিতেই নিজান্তরে, লালসা আসিয়া ধরে, অতিশয় হর্ষ মানি মনে। কহে মহাভাগবত, লীলাশুক অভিমত, সাক্ষাৎ গোবিন্দ দরশনে॥ ৮৭॥

এই মোর জীবন কৃষ্ণচন্দ্র। জয়যুক্তবন্ত সদা, সর্ব্বোৎকর্ষা প্রেমপ্রদা, রাস মাঝে কিশোর নটেন্দ্র॥ ধ্রু॥

ন কেবল অরুন্ধতী, সতী-মন হরে নিতি, জগত্রয় মনোহারিবেশ। প্রথম যৌবনারম্ভ, কৈশোর সংপূর্ণ দম্ভ, তাহাতে মোহিলা সর্ব্বদেশ॥

কৈশোর বয়স সার, প্রতি অঙ্গ অলঙ্কার, এক অঙ্গ শোভা

প্রতিক্ষণবিলোভনং প্রণয়পীতবংশীমুখং
জগত্রয়মনোহরং জয়তি মামকং জীবিতং ॥ ৮৮ ॥
চিত্রং তদেতচ্চরণারবিন্দং

মিত্যর্থঃ। অতঃ স্মরমদৈশ্চুরিতে ব্যাপ্তে লোচনে যস্য। মদনো মুগ্ধো যস্মাৎ তাদৃশো হাস এবামৃতং তদস্মিন্। অতঃ প্রতিক্ষণবিলোভনং। কর্ত্তরি ল্যুট্। প্রণয়েন পীতং চুম্বিতং বংশ্যাঃ সুভগায়া মুখং যেন ॥ ৮৮ ॥

পুনস্তৎপ্রত্যঙ্গমাধুর্য্যানন্ত্যাস্ফূর্ত্যা সাশ্চর্য্যমাহ তৎকৃষ্ণপদাম্বুজাভ্যা-

যাঁহার হাস্যামৃতে মদনও বিমোহিত হয়েন এবং যাঁহার সপ্রণয়ে পীতবংশীমুখ ক্ষণে ক্ষণে লোভ জন্মাইতেছে, সেই ত্রিজগন্মনোহর মদীয় জীবনস্বরূপ শ্রীকৃষ্ণ জয়যুক্ত হউন ॥৮৮

পুনর্ব্বার তাঁহার প্রত্যঙ্গের অনন্তমাধুর্য্য স্ফূর্ত্তি হেতু

যদুনন্দনঠাকুরের পদ্য।

পুঞ্জ হেরি। জগতের নারী যত, কে রাখিবা ধৈর্য্য কত, শ্রুত মাত্র হইল বাউলী ॥

তাতে কাম মদগণ, ব্যাপ্তে আছে দ্বিনয়ন, তাহাতে চঞ্চল তার গতি। কোটি কাম মোহ করে, হেন হাস্য যেহো ধরে, সেহ হরে অমৃতের রতি ॥

প্রতিক্ষণে মতি লোভা, হেন সে মাধুর্য্য শোভা, যার প্রতি তনুতে বিরাজ। শুক না বংশীর মুখ, চুম্বি যেহো পায় সুখ, প্রণয়ে পিবয়ে এই কাজ ॥

কহিতে কহিতে তার, প্রত্যঙ্গ মাধুরী সার, স্ফূর্ত্তি হৈলা আসি নিজমনে ॥ আচার্য্য কহয়ে বাণী, কৃষ্ণকর্ণ রসায়নী, লীলাশুক শ্লোক উচ্চারণে ॥ ৮৮ ॥

সখি হে এই কৃষ্ণ চরণারবিন্দ। পূর্ব্বে যা প্রার্থনা কৈনু,

চিত্রং তদেতন্নয়নারবিন্দং।
চিত্রং তদেতদ্বদনারবিন্দং

মিত্যাদিনা। প্রার্থিতমেতদস্য চরণারবিন্দং চিত্রমদ্ভুতং। তথা মূর্ত্তিং জগন্মোহিনীমিত্যাদৌ প্রার্থিতং তদেতদস্য বপুশ্চিত্রমত্যদ্ভুতং। মুখপঙ্কজং মনসি মে বিজৃম্ভতামিত্যাদৌ প্রার্থিতং তদেতচ্চরণারবিন্দং চিত্রমত্যদ্ভুততরং। তথা প্রস্ফুরল্লোচনাভ্যামিত্যাদৌ প্রার্থিতং তদেতন্নয়নারবিন্দং চিত্রমত্যদ্ভুততমং তদেতৎ সর্ব্বং মম প্রত্যক্ষং জাতমিতি চিত্রং অতিতমাদ্ভুত-

আশ্চর্য্যান্বিত হইয়া কহিতেছেন॥

যাঁহার চরণারবিন্দ অদ্ভুত, যাঁহার বদনারবিন্দ অদ্ভুত, এবং যাঁহার নয়নারবিন্দ অদ্ভুত, অধিক কি বলিব যাঁহার

যদুনন্দনঠাকুরের পদ্য।

এই যে সাক্ষাৎ পাইনু, কি অদ্ভুত পরম আনন্দ॥

এই কৃষ্ণ মুখপদ্ম, সকল আনন্দ সদ্ম, বড়ই অদ্ভুত হয় আর। পূর্ণবাঞ্ছা যত মোর, পূর্ণ কৈল ভাগ্য ভর, দেখিলাঙ মুখপদ্ম সার॥

তাহা হইতে এই আর, অদ্ভুততর তার, আঁখি পদ্ম মনোহর শোভা। পুরুষে প্রার্থিল আমি, হেন বুঝি মন জানি, দরশন দিল চিত্তলোভা॥

তাহা হৈতে অতিশয়, অদ্ভুত তমময়, এই না গোবিন্দ অঙ্গ আগে। যেই কান্তি সুমাধুরী, বেশবৈদগ্ধি ভরি, প্রার্থনা করিল অনুরাগে॥

পুনঃ দেখে কতদূরে, রাই কৃষ্ণকেলি করে, গোপবধূ-চুম্বে আলিঙ্গনে। ক্ষণেক বিস্ময় পাঞা, কহে মনে বিচারিয়া,

চিত্রং তদেতদ্বপুরস্য চিত্রং ॥ ৮৯ ॥
অখিলভুবনৈকভূষণমধি-
ভূষিতজলধিদুহিতৃকুচকুম্ভং।

তমং। বপুরম্ব ইতি পাঠে। অম্ব ইত্যাশ্চর্য্যদ্যোতকাকাশ সম্বোধনং ॥ ৮৯ ॥
পুনঃ কিয়দ্দূরে স্থিত্বা তাভিঃ সহ চুম্বনালিঙ্গনাদিভি র্বিলসন্তং তমালোক্য বিস্মিতঃ ক্ষণং বিচার্য্য অস্য নৈতদাশ্চর্য্যমিত্যাহ। তাদৃশমমুং বন্দে। ন কেবলং ব্রজবনস্যৈব কিন্তু অখিলানাং ভুবনানাং এবং শ্রেষ্ঠং নীলমণিরূপং ভূষণং তদ্বৎ স্থিতং। তদুক্তং শ্রীজয়দেবৈঃ। ত্রৈলোক্যমৌলিস্থলী নেপথ্যোচিত-

সমস্ত শরীরই আশ্চর্য্য, ॥ ৮৯ ॥
পুনর্ব্বার কিয়দ্দূরে থাকিয়া ব্রজসুন্দরীদিগের সহিত চুম্বন ও আলিঙ্গনদ্বারা বিলাসশীল শ্রীকৃষ্ণকে অবলোকন পূর্ব্বক বিস্মিত হইয়া ক্ষণকাল বিচার করত ইহা আশ্চর্য্য নহে এই অভিপ্রায়ে কহিতেছেন ॥
যিনি অখিল ভুবনের ভূষণসমূহেরও একমাত্র ভূষণ, যিনি

যদুনন্দনঠাকুরের পদ্য।

এ অতি আশ্চর্য্য নহে মনে ॥ ৮৯ ॥
দেখ দেখ বিচারে নাহিক প্রয়োজন। এই কৃষ্ণরূপ রাশি, যাতে নিন্দে কোটিশশী, বন্দি মাত্র না যায় বর্ণন ॥ ধ্রু
সর্ব্ব ব্রজাঙ্গনা হার, লতা মাঝে মনোহর, মরকত মণি সুনায়ক। কেবল ইহাও নহে, আর দেখ দেখ ওহে, সাক্ষাৎ আছয়ে পরতেক ॥
চৌদ্দ ভুবনের শ্রেষ্ঠ, সকলের মহাইষ্ট, নীলমণি ভূষণ আমার। যত ব্রজনারীগণ, নিরুপম গুণগণ, বক্ষঃস্থলে বসতি যাহার ॥

ব্রজযুবতিহারবল্লী

নীলরত্নমিতি। তথা অধিভূষিতা বিষ্ণ্বাদিস্বরূপেণ পাদসম্বাহনপরাণাং লক্ষ্মীণাং স্বপাদস্পর্শেন কুচকুম্ভা যেন। আসাং সর্ব্বাসাস্তু নায়কমণিবৎ কণ্ঠস্থিতমিত্যাশ্চর্য্যং। যদ্বা। নব্বীশস্য প্রকাশভেদেন নৈতচ্চিত্রং যতোঽখিলানাং বৈকুণ্ঠানামেকং ভূষণং স্বয়মেব তত্তদ্রূপেণ তেষু স্থিতং। তথা অধিভূষিতাঃ তত্তৎপ্রেয়সীনাং লক্ষ্মীণাং কুচকুম্ভা যেন। ক্ষণং বিমৃশ্য নৈতৎপ্রকাশভেদ ইত্যাহ। আসাস্তু একেন বপুষৈব নায়কমণিং তচ্চিত্রমেবৈতৎবন্দনমেব কার্য্যং নতু বিচার্য্যমিত্যর্থঃ। অথ যদ্বাঞ্ছয়া শ্রীলর্লনাচরত্তপঃ নায়ং শ্রিয়োঽঙ্গেত্যাদিদিশা স্বমাধুর্য্যেণ তামাকৃষ্য অধিভূবি উষিতৌ বিরহবহ্নিজ্বালয়া-

জলধিসুতা লক্ষ্মীদেবীর কুচকুম্ভের ভূষণ এবং যিনি ব্রজযুবতিদিগের স্তনমণ্ডলের হারলতাস্বরূপ, সেই মরকত নায়ক-

যদুনন্দনঠাকুরের পদ্য।

জলধিদুহিতা যত, লক্ষ্মীগণ আছে কত, বিষ্ণুরূপে পাদ সম্বাহয়ে। নিজপাদ স্পর্শে তার, কুচকুম্ভ মনোহর, সেই তার সদাই রহয়ে॥

অখিল বৈকুণ্ঠগণ, প্রকাশাদি মনোরম, বিষ্ণুরূপে যে করে বসতি। তাহার প্রেয়সী যত, লক্ষ্মীগণ অবিরত, তার কণ্ঠে মণিরূপে স্থিতি॥

বিম্বা লক্ষ্মীগণ যত, যে আকর্ষে অবিরত, বেণুগান করি মনোরম। তার কুচকুম্ভে সদা, তাপ দেন অবিরতা, তারে মুই করউ বন্দন॥

অতঃপর রাধাসনে, আর গোপাঙ্গনা সনে, করে কৃষ্ণলীলা সবিস্ময়। সে শোভা দেখিয়া লীলাশুক অতি-সুখ

মরকতনায়কমহামণিং বন্দে ॥ ৯০ ॥

কান্তাকুচগ্রহণবিগ্রহলব্ধলক্ষ্মী-

খণ্ডাঙ্গরাগনবরঞ্জিতমঞ্জুলশ্রীঃ।

তাপিতৌ তস্যাঃ কুচকুম্ভৌ যেন। উষ দাহে ॥ ৯০ ॥

অথ শ্রীরাধয়া সর্ব্বাভির্বা কৃতলীলা বিশেষস্য তস্য শোভাবিশেষং বিলোক্য সহর্ষমাহ। কৃষ্ণদেবঃ ক্রীড়ন্ কৃষ্ণঃ কিমপি গুম্ফতি মাধুরী সুমনো মালাং গ্রথ্নাতি। কীদৃশঃ। কান্তায়াস্তাসাং বা আলিঙ্গনচুম্বনাধরপানার্থং যৎকুচ-গ্রহণং তত্র কুট্টমিত্যাখ্যভাবেন হস্তাদিক্ষেপেণ নিবারয়ন্ত্যা তয়া তাভির্ব্বা সহ

মণিস্বরূপ শ্রীকৃষ্ণকে আমি বন্দনা করি ॥ ৯০ ॥

অনন্তর শ্রীরাধা তথা সমস্ত ব্রজসুন্দরীগণের সহিত কৃত লীলাবিশেষ শ্রীকৃষ্ণের শোভাবিশেষ সন্দর্শন করিয়া লীলা-শুক সহর্ষে কহিতেছেন ॥

যিনি কান্তা এবং ব্রজসুন্দরীগণের কচগ্রহণরূপ বিগ্রহে অর্থাৎ যুদ্ধে জয়লক্ষ্মী লাভ করিয়াছেন, সুতরাং যাঁহার নূতন

যদুনন্দনঠাকুরের পদ্য।

পাইলা, হর্ষভরে শ্লোক উচ্চারয় ॥ ৯০ ॥ 14.3.54

ক্রীড়ারত এই কৃষ্ণচন্দ্র। কোন সুমাধুরী ফুলে, মালা গাঁথি মনোহরে, দরশনে কে নহে আনন্দ ॥ ধ্রু ॥

চুম্বনালিঙ্গনাধর, পান লাগি সুচঞ্চল, কান্তাকুচ করিতে গ্রহণ। করে কর বারে রাই, কুট্টমিত * ভাব পাই, তাতে যুদ্ধ দুঁহে সুমোহন ॥

কিম্বা রাই জিনিবারে, বাক্য কহে মনোহরে, বাক্য মালা গাঁথে মনোহর। কহিতে দেখয়ে আর, অঙ্গরাগ লাগে তার, অঙ্গনিজ অঙ্গনিজ ভর ॥

---

* ভাববশতঃ হস্তপদাদিচালনকে কুট্টমিত কহে।

গণ্ডস্থলীমুকুরমণ্ডলখেলমান-
ঘর্ম্মাঙ্কুরঃ কিমপি গুম্ফতি কৃষ্ণদেবঃ ॥ ৯১ ॥

যো বিগ্রহস্তেন লব্ধাঃ শ্রীমদঙ্গেলগ্না যে তেচ লক্ষ্মীঃ শোভা তদব্যুক্তাশ্চ মধ্যপদ-লোপী সমাসঃ। খণ্ডাঃ খণ্ডখণ্ডাশ্চ তস্যাস্তাসাম্বা সিন্দূরকুঙ্কুমচন্দনাঞ্জনাদ্যঙ্গ-রাগাণাং যে নবাস্তৈ রঞ্জিতা অতোঽতি মঞ্জুলা শ্রীর্যস্য তেন বিগ্রহেণ লব্ধা যা লক্ষ্মীস্তয়াচ তদঙ্গসঙ্গেন খণ্ডাঃ ক্বচিৎ খণ্ডিতা যে কুঙ্কুমাদি নিজাঙ্গরাগা স্তেষাং নবৈশ্চ রঞ্জিতা স্বভাবমঞ্জুলা শ্রীর্যস্যেতি বা। তথা গণ্ডস্থল্যাবেব মুকুরমণ্ডলে তয়োঃ খেলমানা ঘর্ম্মাঙ্কুরাঃ শ্রমোত্থপ্রস্বেদকলাঃ যস্য। যদ্বা। তস্যা নর্ম্মভি-র্জিতত্বাৎ জেতুং নর্ম্মপ্রহেলিকাদিরূপং কিমপি গুম্ফতি ॥ ৯১ ॥

অঙ্গরাগ খণ্ডিত হইয়া মনোহর শোভা ধারণ করিয়াছে এবং যাঁহার গণ্ড ও উদরে ঘর্ম্মবিন্দু চঞ্চল ভাবে অবস্থিতি করায় বোধ হইতেছে যেন ক্রীড়া করিতেছে, সেই শ্রীকৃষ্ণদেব ঘর্ম্মবিন্দুচ্ছলে যেন কোন এক অনির্ব্বচনীয় মুক্তামালাই গ্রন্থন করিতেছেন ॥ ৯১ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

এরূপ কলহ কেলি, করে হস্ত ঠেলাঠেলি, তাতে কান্তা উরোজ কুঙ্কুম। সিন্দূর চন্দন যত, খণ্ড খণ্ড নবমত, কৃষ্ণ অঙ্গে লাগে মনোরম ॥

গোবিন্দের অঙ্গরাগ, কুঙ্কুম চন্দন দাগ, লাগে যত অঙ্গে রাধিকার। রাই অঙ্গে ও অঙ্গরাগ, দুঁহ ছিন্ন ভিন্ন ভাগ, এ শোভার না পাইয়ে পার ॥

রতিযুদ্ধ শ্রমজল, ভরে দুঁহ কলেবর, ঘর্ম্মাঙ্কুর গণ্ডে খেলে সমে। গণ্ডস্থলি সুদর্পণ, তাতে ঘর্ম্মবিন্দুগণ, মাধুরী

মধুরং মধুরং বপুরস্য বিভো-
র্মধুরং মধুরং বদনং মধুরং।
মধুগন্ধি মৃদুস্মিতমেতদহো

তাদৃশানন্ততত্তন্মাধুর্য্যবিশেষমনুভূয় সাশ্চর্য্যমাহ। অস্য বিভো র্বপু-র্মধুরং মধুরং অতিসুমধুরমিত্যর্থঃ। পুনঃ শ্রীমুখমালোক্য সশিরশ্চালনমাহ। বদনন্তু মধুরং মধুরং মধুরং অতিতরাং মধুরমিত্যর্থঃ। তত্র স্মিতমনুভূয় সশীৎ-কারং তন্নির্দেশকতর্জনীচালনপূর্ব্বকমাহ। এতন্মৃদুস্মিতং মধুরং মধুরং মধুরং

তদীয় তাদৃশ অনন্ত মাধুর্য্যবিশেষ অনুভব করিয়া আশ্চর্য্যের সহিত কহিতেছেন ॥

এই বিভু শ্রীকৃষ্ণের বপুঃ মধুর মধুর অর্থাৎ অতি সুমধুর, পুনর্ব্বার শ্রীমুখ অবলোকন করিয়া মস্তক কম্পনের সহিত কহিলেন শ্রীকৃষ্ণের বদন মধুর মধুর মধুর অর্থাৎ অতিশয় সুমধুর। অনন্তর সেই বদনে ঈষৎহাস্য অনুভব করিয়া শীৎ-

যদুনন্দনঠাকুরের পদ্য।

গ্রহণ মনোরমে ॥

এইরূপ অন্ত নহে, বিশেষ মাধুর্য্য তাহে, দেখিয়া আশ্চর্য্য কার কহে। কর্ণামৃত কথা এই, অমৃত হৈতে সুধা যেই, শুনি কৃষ্ণকর্ণ সুখী যাহে ॥ ৯১ ॥

কৃষ্ণ অঙ্গ অতি মনোহর। মধুর হৈতে সুমধুর, বহে চন্দ্র জ্যোস্না পূর, ত্রিভুবন যাহাতে উজোর ॥

কহিতেই মুখচন্দ্র, দেখি পুনঃ হাসে মন্দ, শির ঢুলাইয়া কহে বাণী। মুখ অতি মনোহর, তাহা হৈতে সুমধুর, তাহা হৈতে সুমধুর মানি ॥

মধুরং মধুরং মধুরং মধুরং ॥ ৯২ ॥

শৃঙ্গার-রসসর্ব্বস্বং শিখিপিঞ্ছবিভূষণং।

মধুরং অতিতমাং সুমধুরমিত্যর্থঃ। কীদৃশং। মধুগন্ধি মধুসৌরভযুক্তং মুখাব্জং যস্য। মকরন্দরূপত্বাৎ সর্ব্বমাদকমিত্যর্থঃ। সুরতে কৃতমধুপানত্বাৎ তদীযদ্গন্ধি বা ॥ ৯২ ॥

তস্য তদ্রসাবেশং বিলোক্যাহ ইদং শৃঙ্গারশ্চাসৌ রসরাজত্বাৎ রসানাং সর্ব্বস্বঞ্চ যত্তদাশ্রয়ে। নন্থ স তাবদমূর্ত্তস্তত্রাহ। ভুবনং তৎস্থজীবশ্চ আশ্রয়ো যস্য তাদৃশোঽপ্যঙ্গীকৃতো নরাকারো যেন। নবাকার ইতি পাঠে। স্বীকৃতো

কারের সহিত তন্নির্দ্দেশক তর্জ্জনী চালনা পূর্ব্বক কহিলেন শ্রীকৃষ্ণের এই মৃদুহাস্যও মধুর, মধুর, মধুর, মধুর অর্থাৎ অত্যন্ত সুমধুর ॥ ৯২ ॥

তৎপরে তাঁহার তদ্রসাবেশ অবলোকন করিয়া কহি-

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহিতেই দেখে স্মিত, অলৌকিক তার রীত, স্মিত কথা কহন না যায়। মুখাব্জে বহয়ে গন্ধ, যাতে গোপনারী অন্ধ, কৃষ্ণমুখ সুমাধুর্য্যময় ॥

কহিতেই কৃষ্ণবেশ, দেখয়ে মোহনদেশ, তাহা দেখি কহে পুনর্ব্বার। কৃষ্ণকর্ণামৃত কথা, শুন ছাড় অন্য বার্ত্তা, যাতে সর্ব্ব মাধুর্য্যের সার ॥ ৯২ ॥

এই যে শৃঙ্গার রসরাজ। যত আছে রসগণ তাহার সর্ব্বস্বধন, আশ্রয় লইনু এই কাজ ॥ ধ্রু ॥

কেবল যে সেহ নহে, আর কহি শুন ওহে, অখিল ভুবনে জীব যত। তাহার আশ্রয় যেই, এতাদৃশ হৈয়া সেই, নরাকার হৈল অঙ্গীকৃত ॥

অঙ্গীকৃতনবাকারমাশ্রয়ে ভুবনাশ্রয়ং ॥ ৯৩ ॥
নাদ্যাপি পশ্যতি কদাপি নিদর্শনায়

নূতনাকারো যেন তত্র স এবায়ং মূর্ত্তিমানিত্যর্থঃ। তদুক্তং। শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিত্যত্র। কীদৃশং শিখিপিঞ্ছবিভূষণং। যদ্বা। শিখিপিঞ্ছবিভূষণমমুমাশ্রয়ে। কীদৃশং স্বস্বরূপেণাঙ্গীকৃতঃ সদা গৃহীতো নরাকারো যেন। তত্র হেতুঃ। ব্রহ্মমোহনে তৎস্বরূপেণৈব ভুবনানাং তত্তদ্বৈকুণ্ঠানাং তত্তদ্‌ব্রহ্মাণ্ডানাঞ্চাশ্রয়ং তস্মিন্নেবোৎপন্নপ্রলীনত্বাত্তেষাং। তাদৃশমপি শৃঙ্গাররস এব সর্ব্বস্বং যস্য। তাদৃশঞ্চ তস্য সর্ব্বস্বত্বা ॥ ৯৩ ॥

অথ স্বসমীপমাগতস্য তাদৃশ স্তস্য সাক্ষাদ্দর্শনপ্রাপ্ত্যানন্দোন্মত্তঃ

লেন, যিনি শৃঙ্গাররসের সর্ব্বস্ব, শিখিপিঞ্ছই যাঁহার বিভূষণ এবং যিনি নরবপুকে অঙ্গীকার করিয়াছেন, সেই ভুবনাশ্রয় শ্রীকৃষ্ণকে আমি আশ্রয় করি ॥ ৯৩ ॥

অনন্তর নিজসমীপাগত তাদৃশ শ্রীকৃষ্ণের সাক্ষাৎ দর্শন

যদুনন্দনঠাকুরের পদ্য।

নবাকার শব্দে কহে, নূতন আকার ময়ে, সর্ব্বক্ষণে স্বীকার যাহার। কেবল নবীন রূপ, সদা নব নব ভূপ, মূর্ত্তিমান্ তুল্য নহে আর ॥

শিখিপিঞ্ছ বিভূষণ, গোপবেশ সুমোহন, ব্রহ্মার মোহন কৈলা যে। অনন্ত বৈকুণ্ঠনাথ, ব্রহ্মারুদ্রগণ সাথ, ইন্দ্রাদির একাশ্রয় সে ॥

এতেক বৈভব যার, নিকটাগমন তার, দেখি লীলাশুকের আনন্দ। উন্মত্ত হইয়া বোলে, আনন্দসাগরে ভোলে, অত্যাশ্চর্য্য করিয়া নির্ব্বন্ধ ॥ ৯৩ ॥

ঐছে এই করুণা তোমার। ব্রজবধূ নেত্রোৎপলে, দৃশ্য

চিত্তে তথোপনিষদাং সুদৃশাং সহস্রং।
স ত্বং চিরান্নয়নয়োরনয়োঃ পদব্যাং

সাশ্চর্য্যং তমেব পৃচ্ছতি। হে স্বামি নুব্রজবধূদৃশাদৃশ্যমিত্যাদ্যনুসারেণ আসামেব দৃশ্যস্ত্বমীদৃশঃ কদা নু কৃপয়া মম নয়নয়োঃ পদব্যাং সন্নিধৎসে। নু আশঙ্কায়াং। ননু পূর্ব্ববৎস্ফূর্ত্তিরেবেয়ং তবেতত্রস বিমর্ষমাহ। চিরাদ্বহুকালং ব্যাপ্য তৎ স্ফূর্ত্তির্নেয়মিত্যর্থঃ। ননু সত্যমীদৃশোঽহমন্যগোচরঃ। কিন্তু তব তাদৃশভাবাদ্দৃষ্টোঽস্মি। কিমত্র চিত্রমিত্যাহ। অনয়োঃ প্রাকৃতপুরুষদেহাঙ্গবিশেষয়োরিতি দুর্ঘটমেতদিত্যর্থঃ। ননু ভবতু তে প্রাকৃতপুংস্ত্বং। তেন কিং

প্রাপ্তিহেতু আনন্দে উন্মত্ত হইয়া আশ্চর্য্যের সহিত তাঁহাকে জিজ্ঞাসা করিতেছেন যথা॥

হে স্বামিন্! সহস্র সহস্র সুলোচনাগণও অদ্যাবধি যাঁহাকে কোন তাদৃশ্য দর্শনেও দর্শন করিতে সক্ষম হইলেন

যদুনন্দনঠাকুরের পদ্য।

তুমি নিরন্তরে, মোর নেত্র আগে দেখা তার॥ ধ্রু॥

এত কহি চিন্তে মনে, পূর্ব্বে যৈছে বিস্ফুরণে, তৈছে স্ফূর্ত্তি দেখি কিবা আমি। পুনঃ কহে সেহ নহে, বহুকাল ব্যাপি রহে তেঁই বুঝি কৃষ্ণ আইলা জানি॥

মনে ইহা * উট্টঙ্কিয়া, কহে অতি হর্ষ পাঞা, অয়ে কৃষ্ণ যদি বল হেন। অন্য নেত্র দৃশ্য নহি, তুমি গোপীভাবময়ী, তেঁই তোরে দেখাদিল যেন॥

তবে শুন তার কথা, প্রাকৃত পুরুষ এথা, মোর দেহ এই বিদ্যমান। পুরুষের দুর্ঘটন, এইরূপ দরশন, এই লাগি হয় স্ফূর্ত্তি ভান॥

* উট্টঙ্কিয়া--উৎপ্রেক্ষা বা বিচার করিয়া।

স্বামিন্ কদা নু কৃপয়া মম সন্নিধৎসে ॥ ৯৪ ॥

এতদ্ভাবেনৈব যস্য কস্যাপ্যহং দৃশ্যঃ স্যাং তত্র সশিরশ্চালনং কৈমুত্যন্যায়েনাহ। সুদৃশাং বেণুনাদমত্তত্রিজগদ্বর্ত্তিসুন্দরীণাং তথোপনিষদামপি সহস্রং যস্য তব তদঙ্গানাং সাক্ষাদ্দর্শনং তাবদ্দূরেঽস্তু তন্নিদর্শনায় সাদৃশ্যদর্শনায়াপি কিমপি কদাপি চিত্তেঽপি অদ্যাপি ন পশ্যতি। যদ্বা উপনিষদাং সহস্রং তথা তাদৃশেন ভাবেনাপি ন পশ্যতি নন্বু তাঃ অমূর্ত্তাঃ কথং পশ্যন্তু তত্রাহ সুদৃশামিতি। তথা তেন প্রকারেণ তৎ প্রাপ্যার্থং সুদৃশঃ। সদ্যস্তৎপশ্যন্তীনামপীত্যর্থঃ। তদাভি র্গোপসুন্দরীভিরেব দৃশ্যস্ত্বং যয়া কৃপয়া মম সাক্ষাত্ত্বোসি কা সেতি কথ্যতামিতি ভাবঃ ॥ ৯৪ ॥

না, সেই আপনি আমার এই নয়নপদবীতে কোন্ কৃপাগুণে সন্নিহিত হইলেন ? ॥ ৯৪ ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

তবে যদি বল হেন, পুরুষ দেহ নও কেন, তাহাতেই ক্ষোভ হৈল কিয়ে। গোপীভাবে যেই ভজে, তারি দৃশ্য আমি ব্রজে, তবে শুন তদুত্তর দিয়ে ॥

বক্র করি শির চালি, কহে ন্যুনাধিক বলি, শুন শুন ওহে ব্রজধন। বেণুনাদ মত্তা যত, ত্রিজগতনারী কত, তথা কত মুনিকন্যাগণ ॥

সহস্রে সহস্রে কত, ধায় যেন উনমত, তোমা দেখিবার আশা করি। সাক্ষাৎ তোমার দেখা, থাকু তাহা পাবে কোথা, চিত্তে হ না পায় দেখা শারি ॥

যদ্বা উপনিষদাদি, সহস্র সে ভাব সাধি, অদ্যাপি না দেখে এইরূপ। তবে যদি বল সেই, অস্ফূর্ত্তি সকল যেই, কেমনে দেখিবে সেই রূপ ॥

কেয়ং কান্তিঃ কেশব ত্বন্মুখেন্দোঃ

পুনস্তাদৃশশ্রীমুখকান্তিং বেশসৌষ্ঠবঞ্চ দৃষ্ট্বা তদ্বর্ণয়িতুমুদ্যতস্তদশক্ত্যা সচমৎকারসংশয়ং তং পৃচ্ছতি। হে কেশব স্নিগ্ধকুঞ্চিত-কেশ-রচিতচূড় ইয়ং ত্বন্মুখেন্দোঃ কান্তিঃ কা,অয়ং বেশশ্চ কঃ। ননু পূর্ব্বং ত্বয়ৈব বর্ণিতাবিমৌ তত্রাহ

পুনর্ব্বার শ্রীকৃষ্ণের তাদৃশ শ্রীমুখকান্তি ও কেশসৌষ্ঠব দর্শন করিয়া তাহা বর্ণন করিতে উদ্যত হইয়া তদ্বিষয়ে আসক্তি হেতু চমৎকার ও সংশয়ের সহিত জিজ্ঞাসা করিলেন ॥

হে কেবশ! "তোমার কি অনির্ব্বচনীয় মুখকান্তি এবং

যদুনন্দনঠাকুরের পদ্য।

কহি শুন তে কারণে, যত গোপাঙ্গনাগণে, নয়নের দৃশ্য তুমি সদা। তবে যে সাক্ষাৎ হৈলা, কিবা কৃপা প্রকাশিলা, কহ মোরে সে নিয়ম কথা॥

এই মতে পুনর্ব্বার, দেখে শোভা মনোহর, গোবিন্দের শ্রীমুখকিরণ। সৌষ্ঠব বর্ণিতে চাহে, বর্ণনা সে নাহি হয়ে, সংশয়ে পুছয়ে সেই ক্ষণ॥ ৯৪॥

কেশব তব স্নিগ্ধ কেশচূড়। এ তব মুখেন্দুকাঁতি, কি এই মোহন ভাঁতি, কিবা এই বেশ সুমধুর॥ যদি বল পূর্ব্বে তুমি, বর্ণনা করিলা জানি, সেই মুখচন্দ্র সেই বেশ। তবে শুন তাহা কহি, এই কান্তি বেশ যেই, অনির্ব্বাচ্য বাণীবর্ণা লেশ॥

যদি কহ বর্ণিতে নার, মনো নেত্রাস্বাদন কর, তাতে শক্তি নাহি তাহা শুন। মোর নেত্রস্বাদ নহে, গোপী সদা

কোঽয়ং বেশঃ কাপি বাচামভূমিঃ।
সেয়ং সোঽয়ং স্বাদতামঞ্জলিস্তে

ইয়ময়ঞ্চ কাপ্যনির্ব্বাচ্যা বাচামভূমিঃ নেমৌ তদ্গোচরাবিত্যর্থঃ। যদ্বা। ইয়ং কাপ্যনির্ব্বাচ্যা অয়ঞ্চ বাচামভূমিঃ। ননু বর্ণনে শক্তি র্নচেত্তর্হি চক্ষুর্মনোভ্যামাস্বাদয়েতি তথা চিকীর্ষু স্তদশক্ত্যা সনিশ্চয়মাহ। সেতি সা নাদ্যাপীত্যাদিরীত্যাস্মাদৃশৈ র্দ্রষ্টু মশক্যা গোপীভিরেবাস্বাদ্যা ইয়ং অয়ঞ্চ স তাদৃশঃ স্বয়মেবাস্বাদতামেব নৈতদ্বর্ণনাস্বাদনাশয়া প্রয়োজনমতস্তে তুভ্যমঞ্জলিরস্ত

কি অনির্ব্বচনীয় বেশ” এইরূপে “সেই এই, সেই এই” ইত্যাকারে আপনার রূপাঞ্জলি আমার রুচিকর হউক

যদুনন্দনঠাকুরের পদ্য।

আস্বাদয়ে, মুখকান্তি বেশসুখে দুন ॥

আপনি আস্বাদ কর, মোর বুদ্ধি হৈল জড়, বর্ণনা আস্বাদে যেই আশা। তাহাতে নাহিক কায, তোমাকে তাহার কায, রহু পুনঃ পুনঃ নতি ভাষা ॥

কিম্বা তোহে নমস্করি, মোরে বহু কৃপাকরি, যদি আসি দিলে দরশন। তবে মোর নেত্র মনে, আস্বাদ করাও ক্ষণে, পুনঃ পুনঃ করি নতিগণ ॥

অতঃপর কৃষ্ণচন্দ্র, নিজকান্তামৃত বন্ধ, লীলাশুক করেন বর্ণন। অদর্শনে দুঃখ দৈন্য, দর্শনে আনন্দ জন্য, উনমাদ প্রলাপ বচন ॥

তাহা পুন শুনিবারে, কৃষ্ণচন্দ্র সাধ করে, অতিশয় আনন্দিত হৈয়া। লীলাশুক বর্ণিতে নারে, নমস্করি মৌনধরে, কৃষ্ণ কহে সে রীত দেখিয়া ॥

শুনিবারে সে বর্ণন, সমুদাদি বিলক্ষণ, তার লাগি তার

ভূয়োভূয়োভূয়শস্ত্বাং নমামি ॥ ৯৫ ॥
বদনেন্দুবিনির্জ্জিতঃ শশী

ভূয়ো ভূয়ো ভূয়শস্ত্বাং নমামি। কিম্বা তল্লুব্ধঃ সকাতর্য্যমাহ। ভূত্যমঞ্জলিরস্ত মুহুস্তাং নমামি ইমৌ স্বাদতাং মহ্যমিতি শেষঃ। অন্তর্ণিজর্থো জ্ঞেয়ঃ। যথেমৌ ময়াস্বাদ্যৌ ভবতস্তথা কুর্ব্বিত্যর্থঃ ॥ ৯৫ ॥

অথ তস্য স্বকর্ণামৃতরূপস্বাদর্শনদুঃখজস্বদর্শনানন্দজোন্মাদপ্রলাপ শ্রবণা-

---

এবং আমিও আপনাকে বার বার নমস্কার করি ॥ ৯৫ ॥

অতঃপর, নিজ কর্ণের অমৃতস্বরূপ কৃষ্ণকথা তদীয় রূপ-

যদুনন্দনঠাকুরের পদ্য।

সনে শ্যাম। ঈশ্বরান্তর ভজন, মন্দ সব প্রার্থন, ভাব নিষ্ঠা করে উদ্‌ঘাটন ॥

এইরূপ বিবাদ করি, স্থাপি নিজ বাক্যাবলি, কৃষ্ণসনে, সেই লীলাশুক। কহয়ে বিবাদ যেই, কৃষ্ণকর্ণামৃত সেই, শুন সবে পাবে প্রেমসুখ ॥

সে সব শ্লোকের কথা, অমৃত হৈতে পরামৃতা, শুন সবে এক মন করি। একান্ত লক্ষণ যাতে, নিষ্ঠা হয় শুদ্ধমতে, হেন বাণী অতি সুমাধুরী ॥

প্রথমে কহয়ে হরি, শুন লীলাশুক বলি, চন্দ্র পদ্ম আদি করি যত। মোর মুখ বপু যত, বর্ণিলা উপমা কত, এবে কেনে না বর্ণ সে মত ॥

ইহা শুনি লীলাশুক, অন্তরে পাইলা সুখ, কৃষ্ণপদ নখ নিরীক্ষয়। সে শোভাতে মগ্ন মন, গ্রন্থারম্ভে যে বর্ণন, সেই-রূপ শ্লোক পঢ়য় ॥ ৯৫ ॥

হে দেব!, এই তোমার মুখচন্দ্র কাযে। অখণ্ড নির্ম্ম-

দশধা দেব পদং প্রপদ্যতে।

নন্দিনা তদ্বর্ণনাশক্ত্যা নমস্কৃত্য মৌনমাস্থিতং তং দৃষ্ট্বা পুনস্তদুক্তিশুশ্রুষুণা স্বমুখাদিবর্ণন ঈশ্বরান্তরভজনবরপ্রার্থনাদ্যা জ্ঞেয়া তত্তৎ স্থাপনায়চ। প্রেমনিষ্ঠাদিকমুদ্ঘাটয়িতুং বিবদমানেন শ্রীকৃষ্ণেন সহ বিবদমানঃ সপ্তদশ-শ্লোকীমাহ। তত্র প্রথমং অয়ি লীলাশুক, চন্দ্রপদ্মাদ্যুপমেয়তয়া কিমিতি

দর্শন, তজ্জন্য আনন্দ, ইত্যাদি ভাবোত্থিত উন্মাদে শ্রীকৃষ্ণের বর্ণনে অসমর্থ হইয়া, আজ্ঞা প্রার্থনার জন্যই যেন শ্রীকৃষ্ণের সহিত বিবাদ করিতে প্রস্তুত হইয়া "কেন তুমি চন্দ্রাদির সহিত আমার মুখাদির উপমা দাও" এই রূপ শ্রীকৃষ্ণের উত্তরই যেন প্রাপ্ত হইয়া চন্দ্রাদি উপমানবস্তুকে ধিক্কার দিয়া গ্রন্থকার কহিতেছেন॥

হে দেব! চন্দ্র বদনচন্দ্র কর্ত্তৃক বিনির্জ্জিত হইয়া দুই চর-

যদুনন্দনঠাকুরের পদ্য।

লোজ্জ্বল,উদয়ে চন্দ্র সবিকল,তব মুখে জয় দেখি লাজে॥ধ্রু

দশখান করি অঙ্গ, সেবে নখপদচন্দ্র, প্রসন্ন হইয়া দশ-রূপে। অদ্যাপিহ তব পদে, সেবা করে অবিরতে, দেখ এই করুণার ভূপে॥

কৃষ্ণ কহে ভাল এবে, শশিতুল্য করি তবে, পদনখ কর হে বর্ণন। তাতে কহে নহি নহি, শুন আমি যেই কহি, নখ তুল্য নহে চন্দ্রগণ॥

তোমার করুণা হৈতে, বহু শোভা পাইল যাতে, সে শোভাতে এ চন্দ্রের শোভা। নখেন্দু নির্দোষময়, এই চন্দ্রে দোষোদয়, তেঁই তার সম নহে শোভা॥

অধিকাং শ্রিয়মশ্নুতেতরাং

মন্মুখাদ্যঙ্গং ন বর্ণয়সীতি তদ্বাক্যাৎ ক্ষণং বিমৃশ্য, লীলাস্বয়ম্বররসং লভতে জয়শ্রীরিতিবক্তান্ অযোগ্যান্ মত্বা শ্রীচরণারবিন্দে দৃষ্টিং ক্ষিপন্ কৈমুত্যেন ভঙ্গীপূর্ব্বকমাহ বদনেন্দুরিতি। হে দেব অয়ং শশী অখণ্ডনির্ম্মলোজ্জ্বলত্বদ্বদনেন্দোরুদয়েনৈব স্বপরাজয়ং মত্বা শ্রীনখস্বরূপেণ দশধাত্মানং কৃত্বা তে পদং প্রপদ্যতে অদ্যাপি সেবতে দেবস্য তব পাদং বা। নম্নু ভদ্রং নখানেব তথা বর্ণয়েত্যত্র হনি নহি নহীত্যাহ অধীতি। অত্র ত্বংকারুণ্যোনাধিকাং শ্রিয়ং তত্তদ্গুণসম্পত্তিমশ্নুতেতরাং মুহুঃ প্রাপ্নোতীত্যর্থঃ। নখেন্দুচন্দ্রয়ো নির্দোষসদোষত্বেন মহদ্বৈষম্যাৎ। নন্বেতৎ প্রাপ্তিরেব মে করুণেতি সশঙ্কমাহ। ইদং

ণের দশটী নখরূপে দশভাগে বিভক্ত হইয়া অদ্যাপি আপনার চরণকে নখরূপে সেবা করিতেছে এবং সে কহিল আপনার

যদুনন্দনঠাকুরের পদ্য।

তবে যদি বল হেন, আমার করুণা যেন, অতিশয় সমুদ্র আকার। তার কিয়ে এই ফল, তবে শুন কহি বোল, এ করুণা অতি অল্পতর ॥

এ লাগি গগণ শশি, সাম্যেত অযোগ্য বাসি, এই আমি কহিল নিয়ম। এইরূপে কৃষ্ণসনে, করি বাদ বাণীগণে, হৈয়া অতি হরষিত মন ॥

কৃষ্ণ কহে শুন ওহে, তুমিত অবিজ্ঞ যাহে, দর্প করি কর এই বাণী। বহুগুণ যাতে হয়, এক দোষে দোষী নয়, মৃগাঙ্কে কি চন্দ্র দোষ গণি ॥

চন্দ্র বা পদ্মের সম, মুখ না বর্ণহ কেন, তাহাতে বা কিবা দোষ হয়। এত শুনি কৃষ্ণসনে, বিবাদ করিয়া ভণে,

তব কারুণ্যবিজৃম্ভিতং কিয়ৎ ॥ ৯৬ ॥
তত্ত্বন্মুখং কথমিবাম্বুজতুল্যকক্ষং

তব কারুণ্যসিন্ধূনাং বিজৃম্ভিতং কিয়দল্পং তৎকণিকৈবেত্যর্থঃ। অতো যোঽয়ং থস্থশশী স তে নথ সাম্যেপ্যঽযোগ্য ইতি ভাবঃ ॥ ৯৬ ॥

নন্বয়ে ত্বং বালোসি। একো হি দোষো গুণসন্নিপাতে, নিমজ্জতীন্দোঃ কিরণেষ্বিবাঙ্ক ইতি তৎসাম্যেন পদ্ম সাম্যেন বা মন্মুখং কিং ন বর্ণয়সীতি

বর্দ্ধিত তারুণ্যশোভা যে কেমন তাহা বলিতে পারি না ॥৯৬

অতঃপর "তুমি অজ্ঞ, দেখ, চন্দ্রের এক কলঙ্ক বহুগুণে নিমগ্ন, যেমন একটী দোষ বহুগুণে আচ্ছাদিত হইয়া থাকে, ইহাতে চন্দ্রের দোষ একটী থাকিলেও তাহা অগ্রাহ্য, সুতরাং তাহার সহিত মদীয় মুখবর্ণনে দোষ কি?" এই রূপ কথা যেন শ্রীকৃষ্ণই বলিলেন, এই ভঙ্গীতে বিবাদ করত গ্রন্থকার "মুখ নিরুপম, চন্দ্র নিকৃষ্ট" ইহাই সম্পাদন, করিতেছেন ॥

যদুনন্দনঠাকুরের পদ্য।

ভঙ্গি করি মনোসুখে কয় ॥ ৯৬ ॥

ওহে কৃষ্ণ তব মুখচন্দ্র। উপমা দিবার নাই, পদ্ম তুল্য কিবা তাই, ইন্দু তুল্য কহি অতি মন্দ ॥ ধ্রু ॥

প্রতি অমাবস্যা পাইলে, চন্দ্রে যেবা দশা ফলে, সে কথা কহিতে নাহি চাই। সর্ব্বক্ষণ হয় সেই, কান্তি লেশ তাতে নাই, এই লাগি তুল্যে নাহি গাই ॥

চন্দ্রের চরণাঘাতে, পদ্ম যায় অধঃপাতে, সে পদ্ম কেমন মুখতুল্য। এই লাগি জানি আমি, কহিল সকল বাণী, তব-মুখ উপমা অতুল্য ॥

বাচামবাচি ননু পর্ব্বণি পর্ব্বণীন্দোঃ।

তেন সহ বিবদমানো ভঙ্গ্যাহ। তন্নিরুপমং তত্ত্বন্মুখং অম্বুজং তুল্যকক্ষায়াং
গস্য তাদৃশং কথং ভবেৎ। নমু কিমত্র দূষণমিত্যত্র চন্দ্রে দোষান্তরং বদন্ পদ্ম-
মপ্যাতিতরাং দূষয়তি। পর্ব্বণি পর্ব্বণি দর্শে দর্শে ইন্দোর্যদ্ভবতি তদ্বাচামবাচি
অধঃ সংক্ষয়স্যামঙ্গল্যাদ্বাগ্বিষয়েঽপি কর্ত্তুং ন যোগ্যমিত্যর্থঃ। যদীন্দোরপ্যেবং
তদা তৎপাদঘাতৈস্তিরস্কৃতস্য পদ্মস্য কথং ত্বন্মুখসাম্যমিতি ভাবঃ। নমু নভবতু
তৎসাম্যং বর্ণ্যং চেৎ তর্হি কেনাপ্যপরেণ মুখেন্দুনা সমতয়া বর্ণয়েতি। ক্ষণং বিমৃশ্য
আং অপরং তবৈব ব্রজবিলাসিস্বরূপাদপরস্বরূপাণাং মুখং কিয়দেব নোচ্যতে।
নু ভোঃ স্বামিন্ ইদং ত্বদাননমনেন সমং যৎ স্যাৎ তৎ কিং ব্রুবে কথমেতৎ কথ-
য়ামি তত্তু ময়া বক্তুং ন শক্যতে ইত্যর্থঃ। নমু কিং বিক্ষিপ্তোঽসি তদেতন্মুখ-
মেকমেব কস্তাবদসাম্যে হেতুরিতি বহূন্ হেতূন্ হৃদি বিভাব্য একমেব স-
করমার্জনং নীচৈরাহ। ইদং ত্বদাননং ভুবনৈককান্তো বেণুর্যত্র তাদৃশং। এতদ-

---

আপনার মুখচন্দ্র নিরুপম, পূর্ণিমার পূর্ণচন্দ্রের সহিতও

যদুনন্দনঠাকুরের পদ্য।

কৃষ্ণ কহে তুল্য নহে, না হউক শুন ওহে, বর্ণিতে
বাসনা যদি হয়। তবে অন্যোপমা দিয়া, বর্ণ মুখ মনদিয়া,
শুনি ক্ষণে বিমর্ষিয়া কয়॥

তবে ব্রজবিলাসী যে. স্বরূপ অদ্ভুত সে, হয় হয় জানিল
জানিল। অপর স্বরূপগণ, কত আছে সুবদন, তার তুল্য বলহ
বুঝিল॥

শুনহ গোস্বামি কহি, তব মুখ তুল্য নহি, বৈকুণ্ঠ নাথ
গুণালয়। আমি তুল্য দিতে নারি, দেখ তুমি সুবিচারি, তব
মুখতুল্য কে আছয়॥

